Aladdin



১৯-০৬ ৬৯ এভিনিউ
এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩ Aladdin Tel: 718-784-2554

ডিগ্রি ছাড়া নিউইয়র্ক সিটিতে চাকরির সুযোগ

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির নতুন চাকরির সন্ধানকারীদের জন্য সুখবর। সিটির দপ্তর গুলোতে এমন পদ খালি রয়েছে, ৯-এর পৃষ্ঠায় দেখুন

মিনিয়াপলিসের অভিবাসন নীতি যুক্তরাষ্ট্রজুড়ে প্রয়োগের পরিকল্পনা!

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: ট্রাম্প প্রশাসন অভিবাসী বিরোধী অভিযানে নতুন নতুন কৌশলের অংশ হিসেবে এবার মিনিয়াপোলিসে প্রযোগকৃত অভিবাসন নীতি যুক্তরাষ্ট্রের প্রতিটি স্টেট ও সিটিতে প্রয়োগের পরিকল্পনা নেয়া হয়েছে। এতে অভিযান যাতে প্রকাশ্যে কম প্রচার হয় কিন্তু অভিযানের লক্ষ্য ত্বরান্বিত হয়, সেটিকে প্রাধান্য দেয়া হবে।

সিএনএন তাদের প্রতিবেদনে হোমল্যান্ড সিকিউরিটি কর্মকর্তাদের সূত্রে জানিয়েছে যে, মিনিয়াপলিসে হোয়াইট ৬-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ॥ Issue 22 / February 23, 2026, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ॥ সংখ্যা ২২ ॥ সোমবার, ফেব্রুয়ারি ২৩, ২০২৬, ফাল্গুন ১০, ১৪৩২ ॥ রমজান ০৫, ১৪৪৭

ফের তুষারঝড়ের কবলে নিউইয়র্কসহ ট্রাই-স্টেট


বাংলা পত্রিকা রিপোর্ট: মাত্র এক মাসের ব্যবধানে আবারও শক্তিশালী নর'ইস্টার তুষারঝড়ে বিপর্যস্ত নিউইয়র্ক সিটিসহ পুরো ট্রাই-স্টেট অঞ্চল। রোববার সকালে থেকে শুরু হয় এই তুষাড়ঝড়। বিকেল থেকে তীব্র তুষারপাতে থমকে যায় জনজীবন। এ রিপোর্ট লেখা পর্যন্ত রোববার রাত থেকে নিউইয়র্ক সিটি সহ পুরো স্টেটে ভ্রমণ নিষেধাজ্ঞা দেয়া হয়। বন্ধ করে দেয়া হয় সিটির গুরুত্বপূর্ণ ব্রিজ ও টানেল। প্রাইভেট ও বাণিজ্যিক পরিবহন চলাচল বন্ধের নির্দেশ দেয়া হয় সোমবার দুপুর পর্যন্ত। সিটি ও স্টেট জুড়ে দু'ফুট পর্যন্ত তুষারপাত জমাট বাধতে পারে এমন সতর্কতা দেয়া হয়েছে ।

নিউইয়র্ক সহ ট্রাইস্টেটগুলোর সকল পাবলিক শিক্ষাপ্রতিষ্ঠান সোমবার বন্ধ ঘোষণা করা হয়। সোমবার পরিস্থিতি স্বাভাবিক না হলে মঙ্গলবারও স্কুল বন্ধ থাকার আশঙ্কা রয়েছে। জেএফকে, লাগুর্ডিয়া, নিউয়ার্ক বিমানবন্দরে প্রায় ৩ হাজার ফ্লাইট বাতিল হয়েছে।

রোববার রাত থেকে সোমবার পর্যন্ত চলমান এ তুষাড় ঝড়ে সিটির পাবলিক স্কুল বন্ধ, আংশিকভাবে স্থগিত গণপরিবহন, টিএলসি ৮-এর পৃষ্ঠায় দেখুন

তুষারঝড়ে নিষেধাজ্ঞা

- জরুরি অবস্থা ও ভ্রমণ নিষেধাজ্ঞায় স্থবির জনজীবন
- হাজার হাজার ফ্লাইট বাতিল, যান চলাচল সীমিত
- সোমবার দুপুর পর্যন্ত ব্রীজ-টানেল বন্ধ
- মুসলিম কমিউনিটির অর্ধশতাধিক ইফতার মাহফিল বাতিল



মেয়র মামদানীর প্রোপার্টি ট্যাক্স বৃদ্ধির ঘোষণা: তীব্র প্রতিক্রিয়া বাড়ি মালিকদের

রেন্ট ফ্রিজিংয়ের নীতিতে প্রভাবের আশঙ্কা



বাংলা পত্রিকা রিপোর্ট: ধনীদের ওপর অতিরিক্ত কর আরোপে বাধার মুখে পড়ে বাজের ঘাটতি মেটাতে এবার ৯.৫% প্রোপার্টি ট্যাক্স বাড়ানোর ঘোষণা দিয়েছেন নিউইয়র্ক সিটি মেয়র জোহরান মামদনী। মেয়রের এমন ঘোষণার পর থেকে বাড়ির মালিকদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া ও ক্ষোভ দেখা দিয়েছে। এছাড়াও বিশেষ করে রেন্ট ফ্রিজিংয়ে মেয়র মামদানীর নীতিতেও প্রভাব পড়ার আশঙ্কা দেখা দিয়েছে।

মেয়রের কার্যালয় জানিয়েছে, উচ্চ আয়ের ব্যক্তিদের ওপর 'মিলিয়নিয়ার্স সারচার্জ' আরোপের প্রস্তাব রাজ্য পর্যায়ে আটকে যাওয়ায় সিটির বাজেট ঘাটতি পূরণের জন্য বিকল্প হিসেবে প্রোপার্টি ট্যাক্স বাড়ানো হচ্ছে। চলতি অর্থবছরে শিক্ষা, গণপরিবহন ৯-এর পৃষ্ঠায় দেখুন

নাগরিক হওয়ার আগে ভোটার নিবন্ধন: যাচাইয়ে ট্রাম্প প্রশাসন

বাংলা পত্রিকা রিপোর্ট: নাগরিকত্ব পাওয়ার আগে যারা যুক্তরাষ্ট্রে ভোটার নিবন্ধন বা ভোট দিয়েছেন তাদের তথ্য অনুসন্ধানে নতুন পরিকল্পনা শুরু করেছে প্রেসিডেন্ট ট্রাম্প প্রশাসন।

সিএনএন জানিয়েছে, প্রেসিডেন্ট ট্রাম্প এর নির্বাহী আদেশ অনুসারে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি এখন আগের মতোই ভোটাধিকার জালিয়াতি তদন্তকে ত্বরান্বিত করেছে। নতুন একটি অভ্যন্তরীণ স্মারকলিপিতে উল্লেখ করা হয়েছে, যুক্তরাষ্ট্রে নাগরিক হওয়ার আগে কোনো ব্যক্তি ভোটার হিসেবে নিবন্ধন করেছে বা ভোট দিয়েছে কিনা তা যাচাই করছে। ৮-এর পৃষ্ঠায় দেখুন

অভিবাসী ধরপাকড়ের

আইস-স্থানীয় পুলিশের যৌথ কার্যক্রম রেকর্ড বৃদ্ধি

বাংলা পত্রিকা রিপোর্ট: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় মেয়াদের প্রথম বছরে অভিবাসী বিরোধী অভিযানে ফেডারেল এজেন্ট বা পুলিশকে যুক্তরাষ্ট্রের একাধিক স্টেটের স্থানীয় পুলিশের সহযোগিতা এবং পরোক্ষ সম্পৃক্ততা ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। এতে করে অভিবাসন প্রত্যাশী ও অভিবাসন অধিকার নিয়ে কাজ করা সংস্থাগুলোর মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। বিশেষ করে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্টের সাথে অভিবাসী ধরপাকড় অভিযান পরিচালনার ক্ষেত্রে স্টেটগুলো স্থানীয় আইনশৃঙ্খলা সংস্থাসহ বিভিন্ন সংস্থাগুলো রেকর্ডসংখ্যক চুক্তি করেছে গত এক বছরে।

এনবিসি নিউজের প্রকাশিত নতুন তথ্য অনুযায়ী, জানুয়ারি ২০২৬ পর্যন্ত ১, ১৬৮টি সংস্থা এই চুক্তিতে যুক্ত হয়েছে, যা বাইডেন প্রশাসনের সময় ছিল মাত্র ১৩৫। এই চুক্তির আওতায় স্থানীয় পুলিশ কর্মকর্তারা আইস এর প্রশিক্ষণপ্রাপ্ত ৯-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

শুল্ক বাতিলে রায় সুপ্রিম কোর্টের
উল্টো ১৫ শতাংশ শুল্ক কার্যকরের ঘোষণা ট্রাম্পের

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: সুপ্রিম কোর্ট যুক্তরাষ্ট্রের ট্রাম্প প্রশাসনের বৈশ্বিক পাল্টা শুল্ক আরোপ বাতিল করার একদিন পরই উল্টো বৈদেশিক পণ্যে ১৫ শতাংশ শুল্ক কার্যকর করার ঘোষণা দিলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা দিয়েছেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শনিবার নিজের মালিকানাধীন সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে তিনি ঘোষণা দেন যুক্তরাষ্ট্রে আমদানি করা প্রায় সব পণ্যের ওপর শুল্ক ১০ শতাংশ থেকে বাড়িয়ে ১৫ ৬-এর পৃষ্ঠায় দেখুন

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge Offs
- Inquiries
- Collections
- Garnishment
- Bankruptcy
- Late Payments

Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

অধ্যাদেশকে আইনে রূপান্তর

অন্তর্বর্তী সরকারের ১৩২ অধ্যাদেশ অনিশ্চয়তায়

বাংলা পত্রিকা ডেস্ক: অন্তর্বর্তী সরকার দায়িত্ব ছাড়ার আগের দিন ১৬ ফেব্রুয়ারি ছয়টি অধ্যাদেশ জারি করেছে। দায়িত্ব পালনের দেড় বছরে এগুলোসহ মোট ১৩২টি অধ্যাদেশ জারি করেছে ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার। এগুলোর মধ্যে সংস্কার কার্যক্রমের অংশ হিসেবে কিছু অধ্যাদেশও রয়েছে।

সংবিধান অনুযায়ী, রাষ্ট্রপতির জারি করা এসব অধ্যাদেশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন বসার ৩০ দিনের মধ্যে আইনে রূপান্তর করতে হবে। না হলে অধ্যাদেশগুলো স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। অন্তর্বর্তী সরকারের সংস্কার প্রক্রিয়াসহ সব কাজের সঙ্গে বিএনপি পূর্ণ একমত ছিল না। ফলে সব অধ্যাদেশ আইনে রূপান্তর হবে কি না, এ প্রশ্ন দেখা দিয়েছে।

সাবেক সরকারি কর্মকর্তা এবং আইনজীবীরা বলছেন, রাষ্ট্রের গুণগত সংস্কার ও জনস্বার্থমূলক অধ্যাদেশগুলোকে আইনে পরিণত করা উচিত।

তবে বর্তমান বিএনপি নেতৃত্বাধীন সরকার কোন কোন অধ্যাদেশ আইনে পরিণত করবে, এখনকার প্রেক্ষাপট বিবেচনায় হয়তো সেই সিদ্ধান্ত নেবে। এ ক্ষেত্রে নিজেদের সংস্কারনীতি ও নির্বাচনী ইশতেহারের সঙ্গে সাংঘর্ষিক বিষয়গুলোকে সরকার এড়িয়ে যাবে এটিই স্বাভাবিক।

আইন মন্ত্রণালয়ের হিসাব অনুযায়ী, জুলাই গণ-অভ্যুত্থানে ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকার ক্ষমতাচ্যুত হওয়ার পর ওই বছরের ৮ আগস্ট দায়িত্ব নেয় অন্তর্বর্তী সরকার। দায়িত্ব নেওয়ার পর অন্তর্বর্তী সরকার ওই বছরে ১৭টি, ২০২৫ সালে ৮০টি এবং ২০২৬ সালের ১৭ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী তারেক রহমানের



নেতৃত্বে নতুন সরকার শপথ নেওয়ার আগে পর্যন্ত ৩৫টি অধ্যাদেশ জারি করে। নির্বাচন কমিশন, বিচারব্যবস্থা, আইনশৃঙ্খলা, ফৌজদারি অপরাধ, দুর্নীতি দমন, অর্থ পাচার, জনপ্রশাসন ও শৃঙ্খলা, স্থানীয় সরকার, অর্থনীতি, রাজস্ব, কর ও বাজেট, ব্যাংকিং, আর্থিক খাত ও নিয়ন্ত্রণ, ডিজিটাল ও সাইবার নিরাপত্তা, মানবাধিকার, নাগরিক অধিকার ও সুশাসন বিষয়ে এসব অধ্যাদেশ জারি করা হয়।

অন্তর্বর্তী সরকার দায়িত্ব পালনের ৫৫৯ দিনে মোট ১৩২টি অধ্যাদেশ জারি করে। এসব অধ্যাদেশকে সংবিধান অনুযায়ী আইনে পরিণত করতে হলে বর্তমান সরকারকে দিনে গড়ে সাড়ে চারটি করে অধ্যাদেশকে আইনে রূপান্তর করতে হবে।

জাতীয় সংসদ সচিবালয়ের সূত্রমতে, ২৬ ফেব্রুয়ারি ত্রয়োদশ সংসদের প্রথম অধিবেশন শুরু হতে পারে। সেদিন শুরু হলে আগামী ২৮ মার্চের মধ্যে অধ্যাদেশগুলোকে আইনে রূপান্তর করতে হবে। এর মধ্যে যেগুলো আইনে পরিণত হবে না, সেগুলো স্বয়ংক্রিয়ভাবে বাতিল বা অকার্যকর হয়ে যাবে।

অন্তর্বর্তী সরকারের জারি করা অধ্যাদেশগুলোর ভবিষ্যৎ কী এ প্রশ্নে সাবেক একজন মন্ত্রিপরিষদ সচিব বলেন, অন্তর্বর্তী সরকার যে প্রেক্ষাপটে অধ্যাদেশগুলো জারি করেছিল, দেশে এখন সেই প্রেক্ষাপটের অস্তিত্ব কতটুকু ৭-এর পৃষ্ঠায় দেখুন

যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেটে ২ ফুট পর্যন্ত তুষারপাতের সতর্কতা



বাংলা পত্রিকা ডেস্ক: রবিবার থেকে সোমবার পর্যন্ত পূর্ব উপকূলে প্রবল তুষারঝড় ও প্রবল ঝড়ো বায়ুর প্রভাবে প্রায় ৪ কোটি মানুষ ঝড়ের সতর্কতায় রয়েছে। উত্তর-পূর্বাঞ্চলের জন্য এটি প্রায় এক দশকের মধ্যে সবচেয়ে বড় শীতকালীন ঝড় হতে পারে, যেখানে ১ থেকে ২ ফুট পর্যন্ত তুষারপাত হতে পারে।

নিউ ইয়র্ক সিটি, নিউ জার্সি এবং মধ্য-আটলান্টিক থেকে দক্ষিণ নিউ ইংল্যান্ড পর্যন্ত উপকূলীয় এলাকায় তুষারঝড়ের সতর্কতা জারি হয়েছে। কেন্দ্রীয় অ্যাপালাচিয়ান থেকে মেইন পর্যন্ত আরও ১৯ মিলিয়ন মানুষের জন্য শীতকালীন ঝড়ের সতর্কতা রয়েছে।

বিভিন্ন রাজ্যের গভর্নররা জরুরি অবস্থা ঘোষণা করেছেন। নিউ জার্সি ও নিউ ইয়র্ক সিটিতে রোববার রাত ৯টা থেকে অপ্রয়োজনীয় ভ্রমণ নিষিদ্ধ করা হয়েছে।

নিউ ইয়র্ক সিটি মেয়র জোহরান মামদানি নাগরিকদের বাড়ির ভিতরে থাকার এবং রাস্তা এড়ানোর আহ্বান জানিয়েছেন। সোমবার স্কুল বন্ধ ঘোষণা করা হয়েছে এবং নগরজুড়ে ভ্রমণ নিষেধাজ্ঞা জারি হয়েছে। শহরটি ৭০০-এর বেশি লবণ ছিটানো যন্ত্র এবং ২, ০০০-এর বেশি ট্রাককে তুষারপ্লো হিসেবে ব্যবহার করবে।

নিউ ইয়র্ক গভর্নর ক্যাথি হকুল জরুরি অবস্থা ঘোষণা করেছেন এবং প্রায় ১০০ জন ন্যাশনাল গার্ড মোতায়েন করেছেন।

নিউ জার্সি গভর্নর মিকি শেরিল সোমবার সকাল পর্যন্ত রাজ্যে "প্রচণ্ড তুষারঝড়ের" সম্ভাবনার কথা উল্লেখ করে অপ্রয়োজনীয় ভ্রমণ নিষিদ্ধ করেছেন। বাস, লাইট রেল ও ট্রেন পরিষেবা সীমিত বা বন্ধ করা হয়েছে।

ম্যাসাচুসেটস গভর্নর মউরা হিলি জরুরি অবস্থা ঘোষণা করেছেন এবং ২০০ জন ন্যাশনাল গার্ড মোতায়েন করেছেন। বোস্টন মেয়র মিশেল উ স্কুল বন্ধ করার কথা ঘোষণা করেছেন।

মেটিরিয়োলজিস্টরা বলছেন, বায়ু ও তুষার মিশ্রিত ঝড়ের কারণে দৃশ্যমানতা কমে যাবে এবং রাতের সময় তুষারপাতের হার ১-২ ইঞ্চি প্রতি ঘণ্টা হতে পারে, কিছু এলাকায় ২-৩ ইঞ্চি পর্যন্ত। শক্তিশালী বাতাস ৪০-৭০ মাইল প্রতি ঘণ্টা পর্যন্ত ধাক্কা দেবে, যা শ্বেতপ্রপাত (ঘিরঃবড়ঃ) পরিস্থিতি সৃষ্টি করতে পারে এবং যাত্রা প্রায় অসম্ভব করে তুলবে।

বিমান চলাচলও ব্যাপকভাবে প্রভাবিত হয়েছে। ডেল্টা, আমেরিকান, জেটব্লু সহ প্রধান এয়ারলাইন্সগুলো নিউ ইয়র্ক সিটি ও বস্টনের জন্য রবিবার ও সোমবারের ফ্লাইট বাতিল করেছে। ঋষরময়ঃঅধিৎব অনুযায়ী, রবিবার প্রায় ৩, ৩০০ ফ্লাইট বাতিল হয়েছে, সোমবারের জন্য ৫, ০০০-এর বেশি বাতিলের আশঙ্কা রয়েছে।

বিমান সংস্থাগুলো বলছে, "যাত্রী ও ক্রুদের নিরাপত্তা আমাদের প্রধান অগ্রাধিকার, এবং ঝড়ের প্রভাবে অতিরিক্ত অপারেশনাল সমন্বয় প্রয়োজন হলে তা করা হবে।"

ঢাকায় ৪০১ ভাড়াটে খুনি

বাংলা পত্রিকা ডেস্ক: রাজধানী ঢাকায় গত এক বছরে আলোচিত সব হত্যাকাণ্ড ঘটিয়েছে ভাড়াটে খুনি। পুলিশের তথ্য অনুযায়ী, নির্দেশদাতারা নেপথ্যে থেকে টাকার বিনিময়ে ভাড়াটে শুটার দিয়ে হত্যাকাণ্ড ঘটিয়েছে। এসব মামলার তদন্তে নেমে রাজধানীতে সক্রিয় ৪০১ জন ভাড়াটে শুটার বা খুনিকে শনাক্ত করেছে পুলিশ। তাদের তালিকাও করেছে পুলিশ।

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সূত্র বলছে, ডিএমপির আট অপরাধ বিভাগে শনাক্ত করা এই ৪০১ জন ভাড়াটে শুটারের মধ্যে ১১৮ জনই মতিঝিল বিভাগে। এরপরই রয়েছে ওয়ারী বিভাগে, ৭৩ জন। এই শুটারদের অধিকাংশের কারও বিরুদ্ধে হত্যাসহ সর্বোচ্চ ৪৩টি এবং কারও বিরুদ্ধে ১০টি মামলা রয়েছে। তারা কিছুদিন পরপর স্থান পরিবর্তন করে। ভাড়াটে খুনিদের কারণে জনমনে উদ্বেগ রয়েছে।

পুলিশের সূত্র জানায়, গত বছরের ২১ মার্চ গুলশানে ব্রডব্যান্ড (ইন্টারনেট সংযোগ) ব্যবসায়ী সুমন মিয়া ওরফে টেলি সুমন হত্যায় ভাড়াটে খুনি ব্যবহার করা হয়। এরপর গত ১০ মাসে ভাড়াটে খুনি দিয়ে একের পর এক হত্যাকাণ্ড ঘটেছে। গত বছরের ১৭ নভেম্বর পল্লবীতে যুবদল নেতা গোলাম কিবরিয়াকে দোকানে ঢুকে গুলি করে হত্যা করা হয়। এ ঘটনায় তাঁর স্ত্রী সাবিহা আক্তার দিনার পল্লবী থানায় করা মামলাটি ডিএমপির গোয়েন্দা বিভাগ (ডিবি) তদন্ত করছে।

এ মামলার তদন্তসংশ্লিষ্ট সূত্র জানায়, গ্রেপ্তার প্রধান আসামি জনি ভূঁইয়ার আদালতে দেওয়া স্বীকারোক্তিমূলক জবানবন্দি অনুযায়ী, বিদেশে পলাতক শীর্ষ



সন্ত্রাসী মফিজুর রহমান মামুনের নির্দেশে কিবরিয়াকে হত্যা করা হয়। দুবাই থেকে দেশে আসা পাতা সোহেল ওরফে মনির হোসেনসহ কয়েকজন ভাড়াটে শুটার এই হত্যার পরিকল্পনা বাস্তবায়ন করে। মামলার অন্য আসামিদের মধ্যে রয়েছে সোহাগ ওরফে কালু, মাসুম ওরফে ভাগিনা মাসুম, মাসুম বিল্লাহ, নজরুল ইসলাম, জামাল সরদার ও রোকন। তদন্তকারীদের দাবি, তারা সবাই পেশাদার ভাড়াটে খুনি।

ডিবির মিরপুর বিভাগের উপকমিশনার মহিউদ্দিন মাহমুদ সোহেল বলেন, মামলাটির তদন্ত চলছে। আরও কয়েকজন আসামিকে গ্রেপ্তার করার পর দ্রুত অভিযোগপত্র দেওয়া হবে।

ডিবি বলছে, গত এক বছরে রাজধানীতে আরও কয়েকটি টার্গেট কিলিং হয়েছে, যেগুলোর সঙ্গে ভাড়াটে খুনিদের সম্পৃক্ততা পাওয়া গেছে। এর মধ্যে ২৫ মে রাতে মধ্য বাড্ডায় গুলশান থানা বিএনপির যুগ্ম আহ্বায়ক কামরুল আহসান সাধন, ৮ জানুয়ারি কারওয়ান বাজার এলাকায় স্বেচ্ছাসেবক দলের নেতা আজিজুর রহমান মুছাব্বির, ২১ মার্চ গুলশানে ব্রডব্যান্ড ব্যবসায়ী সুমন মিয়া ওরফে টেলি সুমন, ১০ নভেম্বর পুরান ঢাকায় আদালতের কাছে শীর্ষ সন্ত্রাসী তারিক সাইফ মামুন এবং ১১ ডিসেম্বর শ্যামবাজারে মসলা ব্যবসায়ী আবদুর রহমান ভূঁইয়া হত্যা রয়েছে। সব ঘটনাতেই অবৈধ আগ্নেয়াস্ত্র দিয়ে গুলি করেছে ভাড়াটে শুটাররা।

ডিবি জানায়, তদন্তে উঠে এসেছে, সুমন মিয়া হত্যার নির্দেশদাতা বাড্ডা-গুলশান এলাকার সন্ত্রাসী মেহেদী। তাঁর নির্দেশে ওয়াসির মাহমুদ সাঈদ ওরফে বড় সাঈদ, বিল্লাল ও মামুনের নেতৃত্বে চার-পাঁচজনের একটি দল গুলি চালায়। বিল্লাল ও মামুনের বিরুদ্ধে একাধিক হত্যা ও হত্যাচেষ্টার মামলা রয়েছে। পুলিশের খাতায় তারা ভাড়াটে খুনি হিসেবে চিহ্নিত।

পুলিশ বলছে, স্বেচ্ছাসেবক দলের নেতা মুছাব্বিরকে হত্যার নির্দেশদাতা 'দীলিপ ওরফে বিনাশ' নামের এক শীর্ষ সন্ত্রাসী। এ ঘটনায় ডিবি পাঁচজনকে গ্রেপ্তার করেছে। তারা হলো আবদুর রহিম, জিন্নাত, আবদুল কাদের, রিয়াজ ও বিল্লাল।

ডিএমপির অতিরিক্ত কমিশনার ও ডিবির প্রধান শফিকুল ইসলাম বলেন, মুছাব্বিরকে গুলি করে দুই শুটার রহিম ও জিন্নাত। তারা টাকার বিনিময়ে হত্যাকাণ্ডে অংশ নেয়।

পুলিশ জানায়, সাম্প্রতিক হত্যাকাণ্ডগুলোর তদন্তে নেমে ডিএমপি রাজধানীতে ভাড়াটে খুনিদের একটি তালিকা করেছে। এই তালিকা অনুযায়ী, ডিএমপির আটটি ক্রাইম বিভাগে শনাক্ত হয়েছে ৪০১ জন ভাড়াটে শুটার। তাদের অধিকাংশের বিরুদ্ধে ১০-৪০টি পর্যন্ত মামলা রয়েছে। তাদের মধ্যে মতিঝিল বিভাগে ১১৮ জন, ওয়ারীতে ৭৩ জন, তেজগাঁওয়ে ৬১ জন, মিরপুরে ৬০ জন, রমনাতে ৩৬ জন, লালবাগে ২৪ জন, গুলশানে ১৬ জন এবং উত্তরায় ১৩ জন রয়েছে। ডিএমপির ৫০ থানার মধ্যে সবচেয়ে বেশি ভাড়াটে খুনি রয়েছে মতিঝিল থানা এলাকায়, ১০৬ জন। এরপর বৃহত্তর মিরপুরে ৪২ জন, মোহাম্মদপুরে ৩৯, কদমতলীতে ৩৪, শ্যামপুরে ২১ ও নিউমার্কেট থানা এলাকায় ২০ জন রয়েছে।

এই তালিকাভুক্তদের অপরাধের অতীত পর্যালোচনায় দেখা গেছে, তারা রাজধানীর নির্দিষ্ট এলাকায় থাকে না, অবস্থান পরিবর্তন করে। চুক্তি অনুযায়ী হত্যাকাণ্ড ঘটিয়ে আত্মগোপনে চলে যায়। তাদেরই একজন ভাষানটেকের রূপচাঁদ মিয়া। তাঁর বিরুদ্ধে হত্যা, অস্ত্র, হত্যাচেষ্টাসহ বিভিন্ন থানায় ৪৩টি মামলা রয়েছে। একই এলাকার শুটার বাবুলের বিরুদ্ধে ৩৪টি, রামপুরার ভাগিনা তুষারের বিরুদ্ধে ২২টি, তেজগাঁওয়ের মন্টু জাহাঙ্গীরের বিরুদ্ধে ২০টি এবং ভাষানটেকের বুকপোড়া সুজনের বিরুদ্ধে ১৯টি মামলা রয়েছে।

রাজধানীতে 'টার্গেট কিলিংয়ের' ঘটনায় উদ্বেগ বাড়ছে। মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (মাভাবিপ্রবি) ক্রিমিনোলজি অ্যান্ড পুলিশ সায়েন্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ উমর ফারুক বলেন, ভাড়াটে খুনিদের নেটওয়ার্ক ভেঙে না দিলে এ ধরনের হত্যাকাণ্ড বন্ধ করা কঠিন হবে।

ডিএমপির অতিরিক্ত কমিশনার (ক্রাইম অ্যান্ড অপারেশনস) এস এন মো. নজরুল ইসলাম বলেন, অপরাধীদের শনাক্ত করা হয়েছে, তাদের গ্রেপ্তারে কাজ চলছে। ইতিমধ্যে কয়েকটি হত্যাকাণ্ডের ঘটনায় এ রকম কয়েকজন অপরাধীকে গ্রেপ্তার করা হয়েছে।

দ্রুত থার্ড টার্মিনাল চালু করতে চান প্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক : সময় ও চাহিদার কথা বিবেচনা করে অতিদ্রুত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনাল চালুর বিষয়ে নিজের আগ্রহের কথা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এরই অংশ হিসেবে প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট মন্ত্রীদের নিয়ে বৈঠক করে কীভাবে দ্রুত চালু করা যায় সে লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার নির্দেশ দিয়েছেন তিনি। গতকাল রবিবার বিকেলে দেশ রূপান্তরকে এ কথা জানিয়েছেন প্রধানমন্ত্রীর প্রেস সচিব সালেহ শিবলী। তিনি বলেন, 'সংশ্লিষ্ট মন্ত্রীদের সার্বিক পরিস্থিতি পর্যালোচনা করে অতিদ্রুত প্রধানমন্ত্রীর কাছে সুপারিশ পাঠাতে বলা হয়েছে।'

থার্ড টার্মিনাল চালুর বিষয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত দেশ রূপান্তরকে বলেন, 'প্রধানমন্ত্রী চান থার্ড টার্মিনাল চালু করতে। ৯৯ শতাংশ কাজ শেষ হওয়ার পরও কেন চালু করা যাচ্ছে না সে বিষয় পর্যালোচনা করে প্রধানমন্ত্রী রিপোর্ট করতে বলেছেন। আমরা সার্বিক খোঁজখবর নিয়ে সমস্যা কোথায় তা চিহ্নিত করে প্রধানমন্ত্রীকে জানাব। এরপর তিনি প্রয়োজনীয় নির্দেশনা দেবেন।'

বৈঠকে অংশ নেওয়া একটি সূত্র জানিয়েছে, ইতিপূর্বে জাপান সরকারের সঙ্গে বাংলাদেশ সরকারের আলোচনা হয়েছে। কিন্তু এবার শেষ দফা আলোচনা হবে জাপানের সঙ্গে। বাংলাদেশের স্বার্থ রক্ষা করে এ আলোচনা হবে।

এর আগে দুপুরে সচিবালয়ের মন্ত্রিপরিষদ সম্মেলন কক্ষে সংশ্লিষ্ট মন্ত্রীদের নিয়ে বৈঠক করেন প্রধানমন্ত্রী। বৈঠক শেষে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী আফরোজা খানম সাংবাদিকদের বলেন, 'হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনাল দ্রুত চালুর লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নিতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি থার্ড টার্মিনাল দ্রুত চালুর বিষয়ে আন্তরিক এবং এ নিয়ে প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছেন। প্রধানমন্ত্রী চেষ্টা করছেন যেন সামনে টার্মিনালটি চালু করা যায়। এ বিষয়ে কাজ শুরু হয়েছে।'

থার্ড টার্মিনাল কবে নাগাদ চালু হতে পারেসাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, নির্দিষ্ট সময়সীমা এখনই বলা সম্ভব নয়। এখন আলোচনা হবে, প্রয়োজন হলে তদন্ত হবে। কীভাবে দ্রুত চালু করা যায়, সে বিষয়েই কাজ চলছে। তবে নির্দিষ্ট কোনো সময় বলা যাচ্ছে না।

মন্ত্রী জানান, থার্ড টার্মিনাল নিয়ে বেশ কিছু সুপারিশ রয়েছে। কিছু অংশে কাঠামোগত পরিবর্তনের প্রয়োজন হতে পারে, পাশাপাশি নেটওয়ার্ক-সংক্রান্ত কিছু সমস্যাও ছিল। প্রকল্পের ৯৯ শতাংশের বেশি কাজ সম্পন্ন হলেও বিভিন্ন জটিলতার কারণে এখনো চালু করা সম্ভব হয়নি।

কেন এত অগ্রগতি সত্ত্বেও টার্মিনাল চালু হয়নিএমন প্রশ্নের জবাবে আফরোজা খানম বলেন, 'বিষয়টি অন্তর্বর্তী সরকারের সময়কার। তবে বর্তমান সরকার দ্রুত চালুর লক্ষ্যে কাজ করছে এবং প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তরগুলো প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে।' ৭-এর পৃষ্ঠায় দেখুন



মিরপুরের টেলিকম ভবনে অবস্থিত ইউনূস সেন্টারে পৌঁছালে গতকাল সহকর্মীরা ড. ইউনূসকে উষ্ণ অভ্যর্থনা জানান

পুরোনো কর্মস্থলে ড. ইউনূস

নিজস্ব প্রতিবেদক : অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন শেষে প্রায় ১৮ মাস পর নিজের পুরোনো কর্মস্থল ইউনূস সেন্টারে ফিরেছেন অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। গতকাল সকালে তিনি রাজধানীর মিরপুরের টেলিকম ভবনে অবস্থিত ইউনূস সেন্টারে পৌঁছালে দীর্ঘদিনের সহকর্মীরা তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানান। পরে গ্রামীণ সংগঠনগুলোর ব্যবস্থাপনা পরিচালক ও উপদেষ্টাদের সঙ্গে বৈঠক করেন। দায়িত্ব পালনের বিরতির পর বিভিন্ন কার্যক্রম পুনরায় শুরু এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে সেখানে আলোচনা হয় বলে জানা গেছে। গতকাল ড. মুহাম্মদ ইউনূসের ভেরিফায়েড ফেসবুক পেজে এক পোস্টের মাধ্যমে এ তথ্য জানানো হয়েছে।

২০০৬ সালে নোবেল শান্তি পুরস্কারপ্রাপ্ত ড. ইউনূস রাষ্ট্রীয় অতিথিশালা যমুনা থেকে চলতি মাসের শেষদিকে রাজধানীর গুলশানে তাঁর নিজ বাসভবনে ফিরবেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। বর্তমানে যমুনায় অসুস্থ স্ত্রী ও পরিবারের অন্য সদস্যদের সময় দেওয়ার পাশাপাশি নিজের ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে ব্যস্ত সময় কাটাচ্ছেন অধ্যাপক ইউনূস।

ট্রাম্পের নতুন শুল্কে কার লাভ, কার ক্ষতি

আল-জাজিরা ও রয়টার্স : মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ঘোষিত পাল্টা শুল্ক আদালতে অবৈধ ঘোষণা করা হয়েছে, কিন্তু তিনি পুরোনো একটি আইনের একটি ধারাকে প্রথমবারের মতো সক্রিয় করে আবার শুল্ক আরোপের সিদ্ধান্ত নিয়েছেন। তাঁর এই পদক্ষেপে বিশ্ববাণিজ্যে নতুন করে অস্থিরতা দেখা দিয়েছে।

ট্রাম্প প্রকাশ্যে ঘোষণা দিয়ে অন্যান্য দেশকে তাঁর নীতিতে সমর্থন দিতে শুল্ককে অস্ত্র হিসেবে ব্যবহার করে আসছেন। কিন্তু গত শুক্রবার যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট ট্রাম্প প্রশাসনের বৈশ্বিক পাল্টা শুল্ক আরোপের পদক্ষেপকে অবৈধ ঘোষণা করেন।

১৯৭৭ সালের ইন্টারন্যাশনাল ইমার্জেন্সি ইকোনমিক পাওয়ারস অ্যাক্ট (আইইইপিএ) ব্যবহার করে ২০২৫ সালের ২ এপ্রিল বিশ্বের ১৫৭টি দেশের ওপর বিভিন্ন হারে পাল্টা শুল্ক আরোপ করেছিলেন ট্রাম্প।

ওই শুল্ক আরোপের পর অনেক দেশ যুক্তরাষ্ট্রের সঙ্গে নানা ধরনের বাণিজ্য সমঝোতা ও চুক্তির মাধ্যমে ট্রাম্পের আরোপ করা শুল্ক নিজেদের মতো করে ঠিকঠাক করেছে।

কিন্তু যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট ট্রাম্পের শুল্ক আরোপের সেই ক্ষমতা প্রয়োগকেই অবৈধ ঘোষণা করলেন। দেশটির সর্বোচ্চ আদালত বলেছেন, ইন্টারন্যাশনাল ইমার্জেন্সি ইকোনমিক পাওয়ারস অ্যাক্ট (আইইইপিএ) প্রেসিডেন্টকে শুল্ক আরোপের ক্ষমতা দেয় না। এ ক্ষমতা যুক্তরাষ্ট্রের কংগ্রেসের।

সুপ্রিম কোর্টে বিচারকদের ৬-৩ ভোটে এই সিদ্ধান্ত আসে। রক্ষণশীল প্রধান বিচারপতি জন রবার্টস রায়ে বলেন, 'আজ আমাদের কাজ শুধু এই সিদ্ধান্ত নেওয়া যে আইইইপিএতে প্রেসিডেন্টকে দেওয়া আমদানি নিয়ন্ত্রণের ক্ষমতায় শুল্ক আরোপ করার ক্ষমতা অন্তর্ভুক্ত আছে কি না। না, এটা নেই। যুক্তরাষ্ট্রের সংবিধান কর ও শুল্ক আরোপের ক্ষমতা প্রেসিডেন্টকে নয়, কংগ্রেসকে প্রদান করেছে।'

তাই আদালত প্রেসিডেন্ট ট্রাম্পের একতরফা শুল্ক নির্ধারণ ও পরিবর্তন করাকে সংবিধানবহির্ভূত ঘোষণা করে তা আটকে দেন।

তবে নাছোড়বান্দা ট্রাম্প সুপ্রিম কোর্টের এই রায় ঘোষণার কয়েক ঘণ্টার মধ্যে নির্বাহী ক্ষমতা বলে ১৯৭৪ সালের বাণিজ্য আইনের ১২২ ধারা সক্রিয় করে সব বাণিজ্য অংশীদারের ওপর ১০ শতাংশ শুল্ক আরোপ করেন।

অতীতে আর কোনো মার্কিন প্রেসিডেন্ট এই ধারা প্রয়োগ করেননি। 'বৃহৎ ও গুরুতর' বৈদেশিক লেনদেনের ঘাটতি মেটাতে আইনের এই ধারা ব্যবহার করার কথা বলা আছে।

গতকাল শনিবার শুল্কহার আরও বাড়িয়ে ১৫ শতাংশ করার ঘোষণা দেন ট্রাম্প। আর ১২২ ধারা অনুযায়ী, এটিই এ আইনের সর্বোচ্চ হার। দেশের বাণিজ্যে ঘাটতি মোকাবিলায় যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট সাময়িকভাবে সর্বোচ্চ ১৫ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করতে পারেন। সর্বোচ্চ ১৫০ দিনের জন্য এ শুল্ক কার্যকর হবে। কেবল কংগ্রেস শুল্কের মেয়াদ বাড়াতে পারবে। আগামী মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) থেকে ট্রাম্পের নতুন শুল্ক কার্যকর হবে।

হোয়াইট হাউসের বরাতে বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, ১২২ ধারা অনুযায়ী আরোপিত শুল্কের মধ্যে কিছু পণ্যের জন্য ছাড় রয়েছে। এর মধ্যে রয়েছে গুরুত্বপূর্ণ খনিজ পদার্থ, ধাতু ও জ্বালানি পণ্য।

ট্রাম্পের এক হারে এই নতুন শুল্ক আরোপের প্রভাব একেক দেশের ওপর একেক রকম হবে। বিভিন্ন দেশ এখন এর আইনি ও অর্থনৈতিক প্রভাব মোকাবিলায় কীভাবে কী করা যায়, তা নিয়ে চিন্তাভাবনা করছে। কারণ, অনেক দেশের যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যচুক্তি রয়েছে। সেগুলো মানার বাধ্যবাধকতা কতটা, সেটাও বিবেচনা করতে হবে।

নতুন শুল্কে কোন কোন দেশ সুবিধাজনক অবস্থানে রয়েছে বা কারা অসুবিধায় পড়তে পারে, তা দেখে নেওয়া যাক–



গত শুক্রবার যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট ট্রাম্প প্রশাসনের বৈশ্বিক পাল্টা শুল্ক আরোপের পদক্ষেপকে অবৈধ ঘোষণা করেন। *ছবি: রয়টার্স*

সুপ্রিম কোর্টের রায়ের পর ট্রাম্পের বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রিয়ার শুক্রবার ফক্স নিউজকে বলেন, সংশ্লিষ্ট দেশগুলোকে তাদের চুক্তি মেনে চলতেই হবে, তা 'সেকশন ১২২'-এর শুল্কের চেয়ে বেশি হারের হলেও।

জেমিসন গ্রিয়ার আরও বলেন, মালয়েশিয়া ও কম্বোডিয়ার মতো দেশগুলো থেকে যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানিতে আলোচনার মাধ্যমে নির্ধারিত ১৯ শতাংশ শুল্কই বহাল থাকবে, যদিও ট্রাম্পের নতুন 'সর্বজনীন' শুল্কহার এর চেয়ে কম।

যুক্তরাষ্ট্রের সঙ্গে শুল্কবিষয়ক আলোচনায় ইন্দোনেশিয়ার প্রধান সমঝোতাকারী এয়ারলাঙ্গা হার্তার্তো বলেন, যুক্তরাষ্ট্রে পণ্য রপ্তানিতে ১৯ শতাংশ শুল্কহার নির্ধারণ করে দুই দেশের মধ্যে শুক্রবার একটি বাণিজ্যচুক্তি স্বাক্ষর হয়। আদালতের রায় সত্ত্বেও ইন্দোনেশিয়া ওই চুক্তি ধরে রাখবে।

যুক্তরাষ্ট্র–তাইওয়ান বাণিজ্যচুক্তির আওতায় তাইওয়ানের পণ্যের ওপর সাধারণ শুল্ক ২০ শতাংশ থেকে কমিয়ে ১৫ শতাংশ করা হয়েছে। এর বিনিময়ে তাইপে যুক্তরাষ্ট্র থেকে প্রায় ৮ হাজার ৫০০ কোটি ডলারের জ্বালানি, উড়োজাহাজ ও বিভিন্ন সরঞ্জাম কেনার বিষয়ে সম্মত হয়েছে।

এশিয়ার যুক্তরাষ্ট্রের বাণিজ্য অংশীদার দক্ষিণ কোরিয়া ও জাপানের বেলাও একই শুল্ক। যুক্তরাষ্ট্রের অন্যতম ঘনিষ্ঠ মিত্র দক্ষিণ কোরিয়ার প্রেসিডেন্ট কার্যালয় 'ব্লু হাউস' ট্রাম্পের নতুন শুল্ক নিয়ে একটি বিবৃতি দিয়েছে। এতে বলা হয়, সরকার যুক্তরাষ্ট্রের সঙ্গে করা বাণিজ্যচুক্তি পর্যালোচনা করবে এবং জাতীয় স্বার্থ অনুযায়ী সিদ্ধান্ত নেবে।

ট্রাম্প প্রশাসনের আগের শুল্ক আরোপের পর গত বছরের নভেম্বরে যুক্তরাষ্ট্র-দক্ষিণ কোরিয়া নতুন বাণিজ্যচুক্তি করে। এখন এ চুক্তির ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন উঠেছে। চুক্তিতে যুক্তরাষ্ট্রে দক্ষিণ কোরিয়ার ৩৫ হাজার কোটি ডলারের বিনিয়োগের বিনিময়ে দেশটির শুল্ক ২৫ শতাংশ থেকে কমিয়ে ১৫ শতাংশ করা হয়েছিল। দেশটির মোট দেশজ উৎপাদনের (জিডিপি) ৮৫ শতাংশ আসে রপ্তানি থেকে। যুক্তরাষ্ট্র দেশটির দ্বিতীয় বৃহত্তম রপ্তানি বাজার।

যুক্তরাষ্ট্র-যুক্তরাজ্য বাণিজ্যচুক্তির আওতায় যুক্তরাজ্যের বেশির ভাগ পণ্যের আমদানিতে ১০ শতাংশ শুল্ক আরোপ করা হয়েছে। একই সঙ্গে যুক্তরাজ্য থেকে আমদানি করা গাড়ি, ইস্পাত ও অ্যালুমিনিয়ামের ওপর আরোপিত উচ্চ শুল্ক আলোচনার মাধ্যমে কমানো হয়েছে।

ট্রাম্প যেসব দেশের ওপর সবচেয়ে বেশি শুল্ক আরোপ করেছিলেন, ভারত তার একটি। শুরুতে ভারতীয় পণ্য আমদানির ওপর ২৫ শতাংশ ৭-এর পৃষ্ঠায় দেখুন



যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউস *ফাইল ছবি: এএফপি*

The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

কর্মব্যস্ত নতুন সরকার, প্রধানমন্ত্রীর ভাষণের প্রতিফলন ঘটুক জনজীবনে

বুধবার সরকারের প্রথম কর্মদিবসে প্রধানমন্ত্রী তারেক রহমান প্রাথমিকভাবে জনস্বার্থের তিনটি বিষয়ে অগ্রাধিকার দিয়ে মন্ত্রিসভার সদস্য ও সচিবদের দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার নির্দেশনা দিয়েছেন। এ তিনটি বিষয় হলো-দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে রাখা, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি এবং বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখা। জনস্বার্থের বিবেচনায় তিনটি বিষয়ই অত্যন্ত সময়োপযোগী। এর বাইরেও আরও কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী। পাশাপাশি দুর্নীতির বিরুদ্ধে শক্ত অবস্থানের ওপর জোর দিয়ে সবাইকে সতর্ক করেছেন। একই দিনে জাতির উদ্দেশে প্রদত্ত প্রধানমন্ত্রী হিসাবে প্রথম ভাষণেও এ বিষয়গুলোর উল্লেখ করেছেন তিনি। দ্রব্যমূল্য যাতে সাধারণ মানুষের নাগালের বাইরে না যায়, এ ব্যাপারে ব্যবসায়ীদের সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন। পবিত্র রমজানে সাধারণ মানুষের যাতে ভোগান্তি না বাড়ে, সেজন্য এ মাসটিকে ব্যবসায় মুনাফা লাভের মাস হিসাবে পরিগণিত না করার আহ্বান জানিয়েছেন। আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন এবং কঠোরভাবে দুর্নীতি নিয়ন্ত্রণ করা হবে বলেও জানিয়েছেন তিনি। বস্তুত দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন, যানজট নিরসন এবং সরকারি পর্যায়ে কৃচ্ছ্রসাধনের যে আহ্বান তিনি জানিয়েছেন, তা বর্তমান সময়ের কাঙ্ক্ষিত ও গুরুত্বপূর্ণ বিষয়। ফলে প্রধানমন্ত্রীর ভাষণ ও নির্দেশনায় আশাবাদী হয়ে উঠেছেন সাধারণ মানুষ।

বস্তুত প্রধানমন্ত্রী তারেক রহমানের ভাষণ এবং প্রশাসন ও মন্ত্রিসভার সঙ্গে তার বৈঠকটি দেশের আগামীর পথচলার এক স্পষ্ট দিকনির্দেশনা বলা যেতে পারে। রাষ্ট্র পরিচালনার দায়িত্বে থাকা শীর্ষ নেতৃত্বের এ তৎপরতাকে কেবল রাজনৈতিক আনুষ্ঠানিকতা নয়, বরং একটি ভঙ্গুর রাষ্ট্রীয় কাঠামোকে পুনর্গঠন করার দৃঢ়প্রত্যয় হিসাবেই দেখা হচ্ছে।

প্রধানমন্ত্রীর ভাষণে উল্লিখিত এবং সরকারের অগ্রাধিকারের বিষয়গুলো বাস্তবায়িত হলে জনজীবনে স্বস্তি ফিরে আসবে। সেক্ষেত্রে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে সরবরাহ শৃঙ্খলে থাকা 'সিন্ডিকেট' ভাঙা এখন সরকারের জন্য একটি বড় চ্যালেঞ্জ। আমদানিনির্ভরতা কমিয়ে উৎপাদনমুখী অর্থনীতি আর চাঁদাবাজিমুক্ত পরিবহণব্যবস্থা নিশ্চিত করতে পারলে সাধারণ মানুষ এর সুফল পাবে। প্রধানমন্ত্রীর সতর্কবার্তা যদি মাঠ পর্যায়ে যথাযথভাবে কার্যকর হয়, তবেই বাজারের অস্থিরতা কমবে। দ্বিতীয়ত, একটি স্থিতিশীল রাষ্ট্রের পূর্বশর্ত হলো শক্তিশালী ও নিরপেক্ষ আইনশৃঙ্খলা বাহিনী। প্রধানমন্ত্রী আইনশৃঙ্খলার উন্নয়নে যে দিকনির্দেশনা দিয়েছেন, তা বাস্তবায়নে পুলিশ ও অন্যান্য বাহিনীকে রাজনৈতিক প্রভাবমুক্ত হয়ে কাজ করতে হবে। জনগণের মনে হারানো আস্থা ফিরিয়ে আনা এবং অপরাধীদের পরিচয় নির্বিশেষে আইনের আওতায় আনা গেলেই একটি নিরাপদ বাংলাদেশ গড়া সম্ভব হবে। তৃতীয়ত, রাজধানীসহ বড় শহরগুলোর যানজট এখন এক অভিশাপে পরিণত হয়েছে। এটি কেবল শ্রমঘণ্টা নষ্ট করছে না, অর্থনীতির ওপরও বিরূপ প্রভাব ফেলছে। প্রধানমন্ত্রী এ সমস্যা সমাধানে যে সদিচ্ছা ব্যক্ত করেছেন, তার সাফল্যের জন্য স্বল্পমেয়াদে ট্রাফিক ব্যবস্থাপনা এবং দীর্ঘমেয়াদে বিকেন্দ্রীকরণ ও গণপরিবহণব্যবস্থার আধুনিকায়ন প্রয়োজন। ট্রাফিক আইনের কঠোর প্রয়োগ হতে পারে এর প্রাথমিক সমাধান।

প্রধানমন্ত্রীর ভাষণ ও নির্দেশনা আশাব্যঞ্জক; তবে এ ক্ষেত্রে সাফল্য নির্ভর করছে প্রশাসনের সক্রিয়তা এবং রাজনৈতিক সদিচ্ছার মধ্যে যথাযথ সমন্বয়ের ওপর। আমরা আশা করব, প্রধানমন্ত্রীর ভাষণের প্রতিফলন ঘটাতে এবং অগ্রাধিকারের বিষয়গুলো বাস্তবায়নে অবিলম্বে সক্রিয় হবে মন্ত্রিসভা ও প্রশাসন।



কোন পথে চলবে নতুন সরকার

ড. মাহফুজ পারভেজ



বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে নতুন যে সরকার বাংলাদেশে ক্ষমতাসীন হয়েছে, তা কোন পথে চলবে? এ প্রশ্নের উত্তর জানতে সবাই আগ্রহী। নতুন সরকার আদর্শিক পথে চলবে? যাতে প্রাধান্য পাবে রাজনৈতিক মতাদর্শ। কিংবা নতুন সরকার সময়োপযোগী ও বাস্তববাদী পন্থা অনুসরণ করবে? যাতে অগ্রাধিকার পাবে বাস্তবসম্মত ইস্যু ও বিষয়বস্তু। দুটির মধ্যে একটি পথ সরকারকে বেছে নিতে হবে অথবা দুই পথের সমন্বয়ে একটি নতুন পথ তৈরি করতে হবে। সামনে দিনগুলোয় এটা স্পষ্ট হবে যে, নবগঠিত সরকার আসলে কোন পথে চলছে।

অবিতর্কিত ও পূর্ণ গ্রহণযোগ্য নির্বাচনের মাধ্যমে বাংলাদেশের ক্ষমতায় আসীন নতুন সরকারের সামনে একটি নিজস্ব পথ তৈরি করাই সবচেয়ে বড় অগ্রাধিকার হওয়া উচিত। যে পথ বাস্তববাদিতার মতো জরুরি ও গুরুত্বপূর্ণ বিষয়কে আদর্শিক অতিকথনের চাপে হারিয়ে যেতে দেবে না। সদ্য অতীতে লজ্জাজনকভাবে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকার আদর্শিক অতিকথনের প্রতিযোগিতা শুরু করেছিল। আদর্শবাদ তাদের সকাল-সন্ধ্যার জিকিরে পরিণত হয়েছিল। মুখে মুখে নির্দিষ্ট একটি আদর্শের তল্পিবাহক হলেও বাস্তবে সে আদর্শ তাদের যোগ্য ও দক্ষ শাসক করতে পারেনি; বরং দুর্নীতি ও ফ্যাসিবাদের কলঙ্ক লাগিয়ে রাজনীতির মূলস্রোত থেকেই আপাতত বিতাড়িত করেছে।

নতুন সরকার ক্ষমতায় আসার পরপরই যদি তারা বাস্তবসম্মত কাজগুলো না করে আদর্শের ফেরিওয়ালায় রূপান্তরিত হয়, তাহলে অতীতের মতাদর্শিক চক্কর আবার সবাইকে বিভ্রান্ত করে ফেলবে। প্রতিশোধমূলক রাজনীতি, দোষারোপের প্রতিযোগিতা বা ক্ষমতা সংহত করার খেলায় মেতে ওঠবে সংশ্লিষ্টরা। এতে সরকারের তরফে রাষ্ট্র পরিচালনার মূল কাজগুলো পিছিয়ে পড়তে থাকবে। জনগণ ভোট দিয়ে স্থিতিশীলতা, কর্মসংস্থান, ন্যায়বিচার ও অর্থনৈতিক স্বস্তির যে প্রত্যাশা করেছিল, তা ফ্যাকাসে হয়ে যাবে। তার বদলে অতীতের মতো দলীয় শক্তি প্রদর্শনের নানা প্রক্রিয়া সামনে এসে হাজির হবে এবং পরিস্থিতি ক্রমশ জনমুখী সুশাসনের বদলে ফ্যাসিবাদের দিকে ধাবিত হবে।

বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে দেখা গেছে, ক্ষমতার পালাবদলের পর 'কে কাকে হারাল' এ প্রশ্নটি অনেক সময় 'কীভাবে দেশ এগোবে' প্রশ্নটিকে ছাপিয়ে যায়। শুরু হয় বিজয়ী ও পরাজিতের লড়াই। সর্বত্র পক্ষ ও বিপক্ষের মেরুকরণ হয়। এর ফলে প্রশাসন পক্ষপাতদুষ্ট হয়, নীতিনির্ধারণে ধারাবাহিকতা ভেঙে পড়ে এবং বিনিয়োগ ও উন্নয়ন বাধাগ্রস্ত হয়।

একথা ঠিক, রাজনীতিতে মতাদর্শ গুরুত্বপূর্ণ। কিন্তু রাষ্ট্র পরিচালনায় একে সর্বগ্রাসী অস্ত্রে পরিণত করলে সমস্যা সৃষ্টি হয়। যখন একটি সরকার নিজস্ব আদর্শকে 'একমাত্র সত্য' হিসাবে প্রতিষ্ঠা করতে চায়, তখন বিরোধী মতকে দমন করার প্রবণতা তৈরি হয়। সমালোচনাকে রাষ্ট্রবিরোধিতা হিসাবে চিহ্নিত করা হয়। প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী নিরপেক্ষতা হারায়।

বাংলাদেশে সদ্য ক্ষমতাচ্যুত বাংলাদেশ আওয়ামী লীগ সরকারের অভিজ্ঞতা থেকে অনেকেই মনে করেন, অতিরিক্ত আদর্শিক অবস্থান ও ক্ষমতাকেন্দ্রিক মতাদর্শিক রাজনীতি শেষ পর্যন্ত তাদের জনসমর্থন ক্ষয় করেছে। আদর্শবাদ দক্ষতা, জবাবদিহি ও সুশাসনের বিকল্প হতে পারেনি-বরং দুর্নীতি ও কর্তৃত্ববাদিতার অভিযোগকে সামনে এনেছে।

বাস্তববাদী দৃষ্টিকোণ থেকে দেখলে বাংলাদেশের মতো উন্নয়নশীল, ঘনবসতিপূর্ণ ও বৈশ্বিক অর্থনীতির সঙ্গে সংযুক্ত একটি দেশের সামনে প্রথম চ্যালেঞ্জ অর্থনৈতিক স্থিতিশীলতা। মূল্যস্ফীতি যখন নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম বাড়িয়ে সাধারণ মানুষের জীবনকে চাপে ফেলে, তখন মতাদর্শিক বিতর্ক মানুষের পেট ভরায় না। বৈদেশিক মুদ্রার রিজার্ভ দুর্বল হলে আমদানি ব্যাহত হয়, শিল্প উৎপাদন কমে যায়, বাজারে অস্থিরতা তৈরি হয়। কর্মসংস্থান না বাড়লে তরুণ প্রজন্মের হতাশা সামাজিক অস্থিরতায় রূপ নিতে পারে। সুতরাং, অর্থনীতিকে স্থিতিশীল করা কেবল একটি নীতিগত লক্ষ্য নয়, এটি সামাজিক শান্তির পূর্বশর্ত।

দ্বিতীয়ত, প্রাতিষ্ঠানিক সংস্কার। একটি রাষ্ট্র কেবল সরকারের ওপর দাঁড়িয়ে থাকে না; দাঁড়িয়ে থাকে প্রতিষ্ঠানগুলোর বিশ্বাসযোগ্যতার ওপর। নির্বাচন কমিশনের প্রতি জনগণের আস্থা না থাকলে নির্বাচন ফলাফল যতই ঘোষিত হোক, তার গ্রহণযোগ্যতা প্রশ্নবিদ্ধ হয়। বিচার বিভাগ স্বাধীন না হলে ন্যায়বিচার বিলম্বিত হয় এবং আইনের শাসন দুর্বল হয়ে পড়ে। প্রশাসন রাজনৈতিকভাবে পক্ষপাতদুষ্ট হলে রাষ্ট্রের নিরপেক্ষ চরিত্র ক্ষতিগ্রস্ত হয়। বাস্তববাদী সরকারকে তাই এ সত্য বুঝতে হয়, দীর্ঘমেয়াদি স্থিতিশীলতার জন্য প্রতিষ্ঠানকে শক্তিশালী করা দলীয় স্বার্থের ঊর্ধ্বে ওঠে মেধা ও দক্ষতার ভিত্তিতেই করা জরুরি।

তৃতীয়ত, আন্তর্জাতিক ভারসাম্য। বাংলাদেশ ভৌগোলিক ও কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ অঞ্চলে অবস্থিত। আঞ্চলিক ও বৈশ্বিক শক্তিগুলোর মধ্যে ভারসাম্য রক্ষা করা এখানে কেবল কূটনৈতিক কৌশল নয়, অর্থনৈতিক নিরাপত্তারও প্রশ্ন। আবেগপ্রসূত অবস্থান নয়, বরং বাণিজ্য, বিনিয়োগ, নিরাপত্তা ও উন্নয়নস্বার্থ বিবেচনায় সিদ্ধান্ত নেওয়াই বাস্তববাদ।

একটি অবিতর্কিত, অংশগ্রহণমূলক ও সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় আসা সরকার নৈতিক বৈধতা অর্জন করে সুশাসনের জন্য। এ বৈধতাই তাকে কঠিন কিন্তু প্রয়োজনীয় সংস্কার বাস্তবায়নের সাহস দেয়। বিপরীতে, প্রশ্নবিদ্ধ নির্বাচনের মাধ্যমে গঠিত সরকার প্রায়ই নিজের অবস্থান টিকিয়ে রাখতে অতিরিক্ত শক্তি প্রয়োগ বা আদর্শিক অবস্থান জোরালো করার পথে হাঁটে। এতে স্বল্পমেয়াদে নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা সম্ভব হলেও দীর্ঘমেয়াদে রাজনৈতিক স্থিতিশীলতা ক্ষতিগ্রস্ত হয়।

জনগণ যখন প্রত্যাশা করে নীতিগত দৃঢ়তা ও কার্যকর সিদ্ধান্ত; কিন্তু পায় বক্তব্যের উত্তাপ ও ক্ষমতার প্রদর্শনী, তখন তারা হতাশ হতে থাকে। তাছাড়া, মতাদর্শিক লড়াই স্বভাবতই বিভাজন তৈরি করে-'আমরা' ও 'তারা'র একটি দ্বন্দ্বময় রেখা আঁকে। রাজনৈতিক শক্তিপ্রদর্শন সেই বিভাজনকে আরও গভীর করে তোলে; যার ফলাফল হয় অবিশ্বাস, প্রতিহিংসা ও প্রশাসনিক পক্ষপাত। এতে রাষ্ট্রযন্ত্র নিরপেক্ষতার বদলে দলীয় বলয়ে আবদ্ধ হয়ে পড়ে এবং গণতান্ত্রিক সংস্কৃতি দুর্বল হয়ে স্বৈরতন্ত্র ও ফ্যাসিবাদী পথে চলে যেতে থাকে।

বরং বর্তমান পরিস্থিতিতে বাছাইভিত্তিক শিল্প সহায়তা নিছক সুরক্ষাবাদ নয়, এটি স্বীকার করে যে, বৈশ্বিক প্রতিযোগিতা ক্রমেই রাষ্ট্রনির্ধারিত হয়ে উঠছে। প্রধান অর্থনীতিগুলো কৌশলগত শিল্প খাতে ভর্তুকি দিচ্ছে। বাংলাদেশ যদি কঠোরভাবে লেসে-ফেয়ার নীতিতে অটল থাকে, তবে তা বৈশ্বিক মূল্য শৃঙ্খলের সর্বনিু ধাপেই আটকে পড়ার ঝুঁকিতে পড়বে।

আর্থিক সহনশীলতা আরেকটি নীরব, কিন্তু অত্যন্ত গুরুত্বপূর্ণ ক্ষেত্র। বৈশ্বিক আর্থিক ব্যবস্থা এখনো ব্যাপকভাবে ডলারকেন্দ্রিক। নিষেধাজ্ঞা ব্যবস্থাগুলো দেখিয়েছে, কীভাবে আর্থিক নেটওয়ার্কগুলো ভূরাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহৃত হতে পারে।

বাংলাদেশের কোনো চরমপন্থি মুদ্রানীতি পরীক্ষার প্রয়োজন নেই। তবে শক্তিশালী রিজার্ভ ব্যবস্থাপনা, অর্থায়নের বহুমুখীকরণ এবং সতর্ক ঋণ তদারকি অপরিহার্য। আর্থিক বিশ্বাসযোগ্যতা কেবল সামষ্টিক অর্থনৈতিক শৃঙ্খলা নয়; এটি ভূরাজনৈতিক সুরক্ষাও নিশ্চিত করে।

ভারতের সঙ্গে সম্পর্ক বিশেষ সূক্ষ্মতা দাবি করে। ভৌগোলিক বাস্তবতা পাকিস্তানের সঙ্গেও সংযোগ বৃদ্ধির তাগিদ দেয়। জ্বালানি, সংযোগ, যোগাযোগ, প্রযুক্তি ও পানি ব্যবস্থাপনায় গভীর পারস্পরিক নির্ভরতা তৈরি করার মাধ্যমে এ সম্পর্কের স্থিতিশীলতা মৌলিক গুরুত্ব বহন করে। একই সঙ্গে অবকাঠামো ও উৎপাদনে চীনের সঙ্গে এবং বাণিজ্য, প্রযুক্তি ও শাসন সহযোগিতায় যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পৃক্ততা একচেটিয়াভাবে নয়, বরং ভারসাম্যপূর্ণভাবে অব্যাহত রাখতে হবে। ২৮-এর পৃষ্ঠায় দেখুন

আহলান সাহলান মাহে রামাদান

বিসমিল্লাহির রহমানির রাহিম

খোশ আমদেদ মাহে রামাদান

بسم الله الرحمن الرحيم

In The Name of Allah The Most Merciful Beneficent

Astoria Welfare Society USA Inc (Non Profit)

আগামী ২৩শে ফেব্রুয়ারি ২০২৬ ইং তারিখ রোজ সোমবার সন্ধ্যা ৫.১৫ মিনিটে
এষ্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএস এ ইন্‌ক- উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল এর আয়োজন করা হয়েছে।
উক্ত ইফতার ও দোয়া মাহফিলে আপনারা স্বপরিবারে আমন্ত্রিত।

স্থান: আল-আমিন জামে মসজিদ ও ইসলামিক সেন্টার
৩৫-১৯, ৩৬ এভিনিউ, এষ্টোরিয়া নিউইয়র্ক ১১১০৬

সভাপতি সোহেল আহমেদ (718) 307-9543 — দাওয়াতক্রমে — সাধারন সম্পাদক: মো: জাবেদ উদ্দিন (347) 898-8383

TIME TABLE FOR RAMADAN 1447 A.H. 2026 A.D.

Ramadan	Day	Date	Stop Eating	Fajr	Sunrise	Zuhr	Asr	Ifter/Magrib	Isha
10 DAYS ARE FOR FORGIVENESS									
01	Wed	Feb 18	5:26	5:31	6:46	12:12	3:52	5:36	6:52
02	Thu	Feb 19	5:25	5:30	6:45	12:12	3:53	5:37	6:53
03	Fri	Feb 20	5:24	5:29	6:44	12:12	3:54	5:39	6:55
04	Sat	Feb 21	5:22	5:27	6:42	12:12	3:55	5:40	6:56
05	Sun	Feb 22	5:21	5:26	6:41	12:12	3:56	5:41	6:57
06	Mon	Feb 23	5:19	5:24	6:39	12:11	3:57	5:42	6:58
07	Tue	Feb 24	5:18	5:23	6:38	12:11	3:58	5:43	6:59
08	Wed	Feb 25	5:16	5:21	6:36	12:11	3:59	5:44	7:00
09	Thu	Feb 26	5:15	5:20	6:35	12:11	4:00	5:46	7:02
10	Fri	Feb 27	5:13	5:18	6:33	12:11	4:01	5:47	7:03
10 DAYS ARE FOR FORGIVENESS									
11	Sat	Feb 28	5:12	5:17	6:32	12:11	4:02	5:48	7:05
12	Sun	Mar 01	5:10	5:15	6:30	12:10	4:04	5:50	7:07
13	Mon	Mar 02	5:08	5:13	6:28	12:10	4:05	5:51	7:08
14	Tue	Mar 03	5:06	5:11	6:26	12:10	4:06	5:52	7:10
15	Wed	Mar 04	5:04	5:09	6:25	12:10	4:07	5:54	7:11
16	Thu	Mar 05	5:03	5:08	6:23	12:09	4:08	5:55	7:12
17	Fri	Mar 06	5:01	5:06	6:21	12:09	4:09	5:56	7:13
18	Sat	Mar 07	4:59	5:04	6:19	12:09	4:11	5:57	7:15
19	Sun	Mar 08	5:58	6:03	6:18	1:09	5:11	6:58	8:15
20	Mon	Mar 09	5:54	6:02	7:17	1:08	5:12	6:59	8:17
10 DAYS ARE TO BE FREE FROM HELL FIRE									
21	Tue	Mar 10	5:55	6:00	7:15	1:08	5:13	7:00	8:17
22	Wed	Mar 11	5:53	5:58	7:13	1:08	5:14	7:01	8:18
23	Thu	Mar 12	5:51	5:56	7:11	1:08	5:14	7:02	8:19
24	Fri	Mar 13	5:50	5:55	7:10	1:07	5:15	7:04	8:20
25	Sat	Mar 14	5:48	5:53	7:08	1:07	5:16	7:06	8:22
26	Sun	Mar 15	5:47	5:52	7:07	1:07	5:17	7:06	8:23
27	Mon	Mar 16	5:45	5:50	7:05	1:06	5:18	7:07	8:24
28	Tue	Mar 17	5:43	5:48	7:03	1:06	5:19	7:08	8:25
29	Wed	Mar 18	5:41	5:46	7:02	1:06	5:19	7:09	8:26
30	Thu	Mar 19	5:40	5:45	7:00	1:06	5:20	7:10	8:27

রোজার নিয়ত:

নাওয়াইতু আন আছুমা গাদাম মিন শাহরি রামাদ্বানাল মুবারাকি ফারদ্বাল্লাকা ইয়া আল্লাহু ফাতাকাব্বাল মিন্নী ইন্নাকা আনতাহু ছামিউল আলীম।

NIYAT OF SAUM:

Nawaitu-Un-Assuma Gadam Min Shahri Ya Allah Fatakabbal Minni Innaka Antas Samiul Alim

"When Ramadan begins any person who intends to fast should express to Allah the following :
"O Allah I Intend to keep the fast today in the month of Ramadan."

ইফতারের দোয়া:

আল্লাহুম্মা লাকা ছুমতু ওয়া তাওয়াক্কালতু ওয়া আলা রিজক্বিকা আফতারতু বিরাহ মাতিকা ইয়া আরহামার রাহিমীন।

SUPPLICATION - DU'A:

Allahumma Laka Sumtu Wa Tawakkltu, Wa'alaa Rizkika Aftartu. "O Allah, I have fasted for you.
I believe in you and I make iftar with the rizq (food) provided by you".

SM PRINTING: 929 328 9192

* First day and last day of ramadan depend on moon sighting

ASTORIA WELFARE SOCIETY USA INC.
এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ ইনক
(Non Profit)
29-11, 36 Ave, Astoria, NY 11106, Tel: (347) 898-8383
email: mjabed1969@gmail.com www.astoriawelfaresoceity.com

মিনিয়াপলিসের অভিবাসন নীতি যুক্তরাষ্ট্রজুড়ে প্রয়োগের পরিকল্পনা !

প্রথম পৃষ্ঠার পর

হাউসের বর্ডার জার টম হোম্যানের পরিকল্পনার পদ্ধতিকে দেশব্যাপী প্রয়োগ করার উদ্যোগ নিচ্ছে। এর ফলে টম হোমানের "লক্ষ্যনির্ধারিত অভিবাসন নিয়ন্ত্রণ" কৌশলকে বিভিন্ন সিটিতে সম্প্রসারণ করা হবে। মিনিয়াপলিসে টম হোমানের পদ্ধতিকে ভিত্তি করে নতুন কৌশলটি গৃহীত হবে, যা অতীতের চোখে-ধরে অভিযান এবং হাইলাইট-ভিডিও প্রচারণার পরিবর্তে কম দৃশ্যমান ও নিয়ন্ত্রিত অভিযান নিশ্চিত করবে।

এই নতুন কৌশলটি পূর্বের, উচ্চপ্রচারণামূলক এবং প্রায় হলিউড-স্টাইলের ভিডিওতে প্রচারিত গ্রেগরি বোভিনো এর নিয়ন্ত্রণমূলক পদ্ধতির থেকে ভিন্ন। মিনিয়াপলিসে সংঘটিত দুই আমেরিকান নাগরিকের মৃত্যুর পর ট্রাম্প প্রশাসন এই প্রচারণামূলক কৌশল স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। এক হোমল্যান্ড সিকিউরিটি কর্মকর্তা সিএনএনকে বলেন, "আর কোন বোভিনো বোলশিট শো বন্ধ।"

হোম্যানের পদ্ধতি অন্তর্ভুক্ত করছে নির্ধারিত লক্ষ্য চিহ্নিত করা এবং তার ভিত্তিতে অভিযান পরিচালনা করা, যা বিস্তৃত রেড-রুম বা জনসমষ্টি অভিযানের তুলনায় কম দৃষ্টিগোচর। ডিএইচএন এর মুখপাত্র বলেন, "লক্ষ্য হলো সর্বাধিক অপরাধী বা জননিরাপত্তা হুমকির সঙ্গে যুক্ত বিদেশীদের সনাক্ত করা। ট্রাম্প প্রশাসনের অধীনে আইস-এর গ্রেপ্তারের প্রায় ৭০ শতাংশই এই ধরনের অপরাধে জড়িত।"

মিনিয়াপলিসে অতীতের অভিযান-গুলোতে হাজার হাজার ফেডারেল এজেন্ট অংশগ্রহণ করেছিলেন, যা সোশ্যাল মিডিয়ায় প্রচারিত হয় এবং স্থানীয় সোমালি সম্প্রদায়কে লক্ষ্য করেছিল। ওই অভিযানে দুই আমেরিকান নিহত হন, এবং দুই ফেডারেল অফিসারদের ওপর তদন্ত চলছে।

হোম্যান বলেছেন, "যেখানে কোনো অভিযোগ ওঠে, তা অবিলম্বে ইন্টারনাল অ্যাফেয়ার্সে পাঠানো হয়। আমরা নীতিমালার বাইরে কাজ করা কোনো ঘটনা মেনে নিই না।"

তবে এই পদক্ষেপে প্রশাসনের ভেতরে হোম্যান ও ক্রিস্টি নোয়েমের মধ্যে বিভাজন স্পষ্ট হয়ে ওঠেছে। ডিএইচএস কর্মকর্তাদের তথ্য অনুযায়ী সিএনএন জানায়, হোম্যান ও নোয়েম সাম্প্রতিক মাসগুলোতে কমই যোগাযোগ করেছেন। তবে হোম্যান বলেন, "আমরা নিয়মিত আলোচনা করি, বিভিন্ন মতামত আসে, তারপর একটি লক্ষ্য নির্ধারণ করে এগিয়ে যাই। এটি আমাদের কার্যক্রমকে শক্তিশালী করে।"

উল্টো ১৫ শতাংশ শুল্ক কার্যকরের ঘোষণা ট্রাম্পের

প্রথম পৃষ্ঠার পর

শতাংশ করা হবে।

শুক্রবার যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট ট্রাম্প প্রশাসনের বৈশ্বিক পাল্টা শুল্ক আরোপের পদক্ষেপ বাতিল করে রায় দেন। আদালত বলেন, অর্থনৈতিক জরুরি অবস্থা-সংক্রান্ত আইনের আওতায় উচ্চ হারে শুল্ক আরোপ করে প্রেসিডেন্ট তাঁর ক্ষমতার অপব্যবহার করেছেন।

আদালতের এই রায়ের কয়েক ঘণ্টার মধ্যে ভিন্ন একটি বাণিজ্য আইনে বিশ্বের প্রায় সব দেশের পণ্যে ১০ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা দেন ট্রাম্প। শনিবার এটা বাড়িয়ে ১৫ শতাংশ করা হয়েছে।

ট্রাম্প যে বাণিজ্য আইনের আওতায় নতুন শুল্ক ঘোষণা করেছেন, সেটা 'সেকশন ১২২' নামে পরিচিত। এ আইন অনুযায়ী কংগ্রেসের অনুমোদন ছাড়া সর্বোচ্চ ১৫ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ করা যায়। তবে ১৫০ দিন পর এই শুল্কের মেয়াদ বাড়াতে কংগ্রেসের অনুমোদনের প্রয়োজন হয়।

শনিবার দেওয়া পোস্টে ট্রাম্প জানান, তিনি এই ১৫০ দিনকে আরও এমন কিছু শুল্ক আরোপের কাজে ব্যবহার করবেন, যা 'আইনগতভাবে অনুমোদিত'। ট্রাম্প প্রশাসন এখন আরও দুটি আইনের ওপর নির্ভর করার পরিকল্পনা করছে। এ আইনগুলো জাতীয় নিরাপত্তা বা অসাধু বাণিজ্যচর্চার তদন্তের ভিত্তিতে নির্দিষ্ট পণ্য বা দেশের ওপর শুল্ক আরোপের সুযোগ দেয়।

ট্রাম্প পোস্টে লিখেছেন, 'যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে আমি অবিলম্বে বিশ্বজুড়ে দেশগুলোর ওপর আরোপিত ১০ শতাংশ শুল্ক বাড়িয়ে ১৫ শতাংশ স্তরে উন্নীত করছি। অনেক দেশ কয়েক দশক ধরে কোনো পাল্টা ব্যবস্থা ছাড়াই যুক্তরাষ্ট্রকে ঠকিয়ে আসছে (যতক্ষণ না আমি এসেছি!)। এখন থেকে তা আইনসম্মত ও পরীক্ষিত উপায়ে সর্বোচ্চ ১৫ শতাংশ হারে নেওয়া হবে।'

সুপ্রিম কোর্টের শুক্রবারের রায়ের পক্ষে ছিলেন ছয়জন বিচারপতি। বিপক্ষে ছিলেন ৩ জন। এই রায়ের পরও ট্রাম্পের মধ্যে বৈশ্বিক বাণিজ্যযুদ্ধ থেকে পিছু হটার কোনো লক্ষণ দেখা যাচ্ছে না। উল্টো তিনি ব্যক্তিগতভাবে বিচারপতিদের আক্রমণ করেছেন। ট্রাম্পের দাবি, নিজের ইচ্ছামতো শুল্ক আরোপের ক্ষমতা এখনো তাঁর রয়েছে।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতজ্ঞতা এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
(Operate by JH office)
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

টিএসএ প্রি-চেক বন্ধ হচ্ছে না: হোমল্যান্ড সিকিউরিটি

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির আংশিক শাটডাউন থাকা সত্ত্বেও টিএসএ প্রি-চেক লেনগুলো এখনই বন্ধ করা হচ্ছে না। তবে কিছু বিলম্ব বা দেরি হতে পারে। ট্রান্সপোর্টেশন সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন (টিএসএ) রোববার দুপুরে বিষয়টি জানিয়েছে।

হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের মুখপাত্র জানিয়েছেন, "এই মুহূর্তে টিএসএ প্রি-চেক সম্পূর্ণভাবে কার্যকর এবং যাত্রীদের জন্য কোনো পরিবর্তন নেই। স্টাফিং সমস্যার ক্ষেত্রে লেনগুলো পরিস্থিতি অনুযায়ী সামঞ্জস্য করা হবে।"

আগে শনিবার হোমল্যান্ড সিকিউরিটি ঘোষণা দিয়েছিল, টিএসএ প্রি-চেক এবং গ্লোবাল এন্ট্রি প্রোগ্রাম রোববার সকাল ৬টা থেকে স্থগিত করা হবে। কিন্তু পরে তারা সিদ্ধান্ত পরিবর্তন করে।

টিএসএর সিনিয়র কর্মকর্তা অ্যাডাম স্টাহল বলেছিলেন, দীর্ঘ সময়ের অর্থায়ন ঘাটতির কারণে যাত্রীদের জন্য বিলম্ব, অপেক্ষার সময় বৃদ্ধি এবং ফ্লাইট বাতিলের সম্ভাবনা থাকতে পারে।



নিউ ইয়র্কের জন এফ. কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দরে (জে.এফ.কে.) প্রথমে প্রি-চেক ও নন-প্রি-চেক লাইন আলাদা করা হয়, ট্রাস্টেড ট্রাভেলার প্রোগ্রাম-এর যাত্রীরা ধাতব ডিটেক্টর ব্যবহার করে সম্পূর্ণ বডি স্ক্যানার এড়াতে পারেন।

টিএসএ প্রি-চেক প্রোগ্রামের সদস্য সংখ্যা ২০২৪ সালের হিসাবে ২০ মিলিয়নের বেশি। এই প্রোগ্রামটি পাঁচ বছরের জন্য ৮৭৬.৭৫ থেকে ৮৮৫ খরচ। গ্লোবাল এন্ট্রির সদস্য সংখ্যা ১২ মিলিয়নের বেশি এবং খরচ ৮১২০ পাঁচ বছরের জন্য।

যদি প্রোগ্রামটি স্থগিত করা হয়, তবে এটি প্রথমবারের মতো দেশব্যাপী এই সুবিধাগুলোর আনুষ্ঠানিক স্থগিত হবে।

সব মিলিয়ে, এখন পর্যন্ত যাত্রীদের জন্য টিএসএ প্রি-চেক এবং গ্লোবাল এন্ট্রি লেন কার্যকর রয়েছে, যদিও কিছু বিলম্ব হতে পারে।

নিয়ত না করলে কি রমজানের রোজা শুদ্ধ হবে?



ইসলাম ডেস্ক : নিয়ত অন্তরের কাজ, জিহ্বার সঙ্গে এর কোনো সম্পর্ক নেই। আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য কোনো কাজের শুরুতে মনের মধ্যে যে ইচ্ছা পোষণ করা হয়, সেটাকেই নিয়ত বলা হয়। নিয়ত রোজা শুদ্ধ হওয়ার অন্যতম শর্ত। কেউ মুখে উচ্চারণ না করলেও অন্তরে রোজার নিয়ত থাকলে তার রোজা আদায় হয়ে যাবে।

এ ছাড়া রমজান মাসে রোজা রাখার উদ্দেশ্যে শেষ রাতে উঠে সেহরি খাওয়াকেই ইসলামবিষয়ক গবেষকগণ নিয়ত বলে গণ্য করেছেন।

ফরজ রোজার নিয়ত সেহরির সময় শেষ হওয়ার আগেই করার কথা হাদিসে নির্দেশিত হয়েছে। রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'যে ব্যক্তি ফজরের আগে রোজা রাখার নিয়ত করবে না, তার রোজা (পূর্ণাঙ্গ) হবে না।' *(সুনানে আবু দাউদ: ১ / ৩৩৩)*

তবে কোনো কারণে রাতে নিয়ত করতে না পারলে বা নিয়ত করার কথা ভুলে গেলে–দিনের অর্ধেক সময় (শরয়ি নিসফে নাহার বা দুপুর) অতিবাহিত হওয়ার আগপর্যন্ত নিয়ত করা যাবে। এর জন্য শর্ত হলো সুবহে সাদিকের পর থেকে নিয়ত করার আগপর্যন্ত রোজার পরিপন্থী কোনো কাজ করা যাবে না।

মনে রাখার বিষয় হলো, প্রতিটি রোজার নিয়ত পৃথকভাবে করতে হবে। কেননা প্রতিটি রোজা ভিন্ন ভিন্ন আমল। আর প্রতিটি আমলের জন্যই নিয়ত করা জরুরি। হাদিসে বলা হয়েছে, 'সকল আমল নিয়তের ওপর নির্ভরশীল।' *(সহিহ বুখারি: ২)*

তথ্যসূত্র: আল-বাহরুর রায়েক: ২/৪৫২; আল-জাওহারুতুন নাইয়িরাহ: ১/১৭৬; রদ্দুল মুখতার: ৩/৩৩৯, ৩৪১; ফাতাওয়া হিন্দিয়া: ১/১৯৫; বাদায়েউস সানায়ে: ২/২২৯; আলমুহাল্লা: ৪/২৮৫; মাবসুত, সারাখসি: ৩/৬০

দ্রুত থার্ড টার্মিনাল চালু করতে চান প্রধানমন্ত্রী

৩-এর পৃষ্ঠায় পর

এর আগে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বৈঠকে উপস্থিত ছিলেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী আফরোজা খানম, প্রতিমন্ত্রী এম রশিদুজ্জামান মিল্লাত, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মোস্তফা মাহমুদ সিদ্দিকসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবরা।

১২ মার্চ সংসদ অধিবেশন : দুপুরে সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, 'আগামী ১২ মার্চ দুপুরে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন হবে। অধিবেশনে নতুন সংসদের স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচনসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ সংসদীয় কার্যক্রম সম্পন্ন করা হবে।'

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'সাংবিধানিক নিয়ম অনুযায়ী সংসদ অধিবেশন আহ্বানের প্রক্রিয়াটি ইতিমধ্যেই শুরু হয়েছে। সংসদ সচিবালয় থেকে এ সংক্রান্ত একটি সারসংক্ষেপ প্রস্তুত করা হবে। এটি প্রথমে প্রধানমন্ত্রীর দপ্তরে যাবে এবং পরবর্তীতে প্রধানমন্ত্রীর পরামর্শক্রমে রাষ্ট্রপতির কাছে পাঠানো হবে। রাষ্ট্রপতি সেই সারসংক্ষেপ অনুযায়ী আনুষ্ঠানিকভাবে সংসদ অধিবেশন আহ্বান করবেন। প্রাথমিক সিদ্ধান্তে ১২ মার্চ অধিবেশনের তারিখ চূড়ান্ত করা হয়েছে।'

অধিবেশনের সম্ভাব্য কার্যসূচি নিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'অন্তর্বর্তী সরকারের সময় জনস্বার্থে জারি করা বিভিন্ন জরুরি অধ্যাদেশগুলো এই অধিবেশনে আইন হিসেবে অনুমোদনের জন্য সংসদে উত্থাপন করা হবে; সংসদের প্রথম অধিবেশনে রাষ্ট্রপতি সরকারের ভবিষ্যৎ পরিকল্পনা ও দেশের সার্বিক পরিস্থিতি নিয়ে ভাষণ দেবেন। পরবর্তী সময়ে রাষ্ট্রপতির ভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাব এবং আলোচনা অনুষ্ঠিত হবে; সাম্প্রতিক সময়ে মারা যাওয়া বিশিষ্ট ব্যক্তি ও রাজনীতিবিদদের স্মরণে সংসদে শোকপ্রস্তাব গৃহীত হবে।'

সুস্বাস্থ্যের বাংলাদেশ গঠন নিয়ে সভা: বিকেল তিনটায় সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর বিশেষ সভাকক্ষে তারেক রহমানের সভাপতিত্বে 'সুস্বাস্থ্যের বাংলাদেশ গঠন' বিষয়ে সভা হয়েছে। সভায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন, প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন, মন্ত্রিপরিষদ সচিব ড. নাসিমুল গনি ও প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তার উপস্থিত ছিলেন।

সৌদি রাষ্ট্রদূতের সাক্ষাৎ : বেলা ১১টায় প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত ড. আব্দুল্লাহ জাফর এইচ বিন আবিয়া। এ সময় পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা হুমায়ুন কবির উপস্থিত ছিলেন।

এর আগে প্রধানমন্ত্রী তারেক রহমান আজ সকাল ৯টা ৫মিনিটে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে অফিস করতে আসেন। এ সময় মুখ্য সচিব এ বি এম আব্দুস সাত্তার প্রধানমন্ত্রীকে স্বাগত জানান।

নির্দিষ্ট সময়ে অফিসে উপস্থিত থাকতে নির্দেশনা প্রধানমন্ত্রীর : নির্দিষ্ট সময়ে সবাইকে অফিসে উপস্থিত থাকার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। গতকাল রবিবার তৃতীয় দিনের মতো সচিবালয়ে তার কার্যালয়ে অফিস করেন তিনি। সেখানে তিনি মন্ত্রিসভার সদস্য ও অন্যান্য কর্মকর্তাদের সময়ানুবর্তিতার বিষয়ে খোঁজখবর নেন এবং নির্ধারিত সময়ে অফিসে উপস্থিত থাকার তাগিদ দেন।

প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন বলেন, 'প্রধানমন্ত্রী আজ (গতকাল) সকাল ৯টা ৫ মিনিটে সচিবালয়ে পৌঁছান। এত সকালে প্রধানমন্ত্রীকে অফিসে দেখে অনেকেই অভিভূত হয়েছেন।' তিনি বলেন, 'সচিবালয়ে অফিসে এসে প্রধানমন্ত্রী মন্ত্রী-প্রতিমন্ত্রী-উপদেষ্টারা কারা কারা অফিসে এসেছেন তার খোঁজখবর নিয়েছেন। প্রধানমন্ত্রী মৌখিক নির্দেশনা দিয়েছেন, যাতে নির্দিষ্ট সময়ে সবাই অফিসে উপস্থিত হন।'

জাপানে লোক পাঠাতে বিশেষ আগ্রহ প্রধানমন্ত্রীর : জাপানে কর্মী পাঠাতে বিশেষ আগ্রহ দেখিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। গত শনিবার তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত বৈঠকে এই আগ্রহ প্রকাশ করেন তারেক রহমান। প্রধানমন্ত্রীর সভাপতিত্বে 'আনন্দময় ও কর্মমুখী শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠা, কর্মসংস্থান সৃষ্টি, ক্রীড়া অবকাঠামো ও প্রশিক্ষণ সম্প্রসারণ' বিষয়ে এ সভা অনুষ্ঠিত হয়। এরই ফলোআপ বৈঠক অনুষ্ঠিত হয় গতকাল প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে।

ট্রাম্পের নতুন শুল্কে কার লাভ, কার ক্ষতি

৩-এর পৃষ্ঠায় পর

শুল্ক আরোপ করা হয়েছিল। পরে রাশিয়া থেকে জ্বালানি তেল আমদানির কারণে আরও ২৫ শতাংশ শুল্ক আরোপ করা হয়। ফলে ভারতের ওপর ট্রাম্প প্রশাসনের আগের পাল্টা শুল্ক দাঁড়িয়েছিল মোট ৫০ শতাংশ।

চলতি মাসের শুরুর দিকে যুক্তরাষ্ট্র ও ভারত একটি প্রাথমিক বাণিজ্যচুক্তিতে পৌঁছায়। তখন ট্রাম্প জানিয়েছিলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি রাশিয়া থেকে তেল কেনা বন্ধ করতে রাজি হয়েছেন এবং এর বিনিময়ে পোশাক, ওষুধ, মূল্যবান পাথর, টেক্সটাইলসহ ভারতের শীর্ষ রপ্তানি পণ্যের ওপর মার্কিন শুল্ক কমিয়ে ১৮ শতাংশ করা হবে। একই সঙ্গে ভারতও সব মার্কিন শিল্পপণ্য ও বেশ কিছু কৃষিপণ্যের ওপর শুল্ক প্রত্যাহার বা হ্রাসের প্রতিশ্রুতি দিয়েছিল।

তবে ব্রাজিলের মতো দেশের জন্য মার্কিন সুপ্রিম কোর্টের রায় দারুণ সুখবর হয়ে এসেছে। ট্রাম্প ব্রাজিলের ওপর ৪০ শতাংশ পাল্টা শুল্ক আরোপ করেছেন। ওই শুল্ক কমানোর জন্য বা কোনো বাণিজ্যচুক্তি করা নিয়ে ওয়াশিংটনের সঙ্গে ব্রাজিল কোনো আলোচনায়ই যায়নি। এখন সাময়িক সময়ের জন্য হলেও ব্রাজিলের ওপর মার্কিন শুল্ক ৪০ শতাংশ থেকে নেমে ১৫ শতাংশ হয়েছে।

জার্মানির চ্যান্সেলর ফ্রিডরিখ মের্তস বলেন, মার্চের শুরুর দিকে ট্রাম্পের সঙ্গে বৈঠকের আগে তিনি ইউরোপের যৌথ অবস্থানের মধ্যে সমন্বয় করবেন।

ইউরোপীয় পার্লামেন্টের বাণিজ্য কমিটির প্রধান বার্নড লাঙ্গে বলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে ইউরোপীয় ইউনিয়নের চুক্তি দ্রুত অনুমোদনের বিষয়টি সামনে আসতে পারে, তবে আদালতের রায়ের প্রভাব আগে খতিয়ে দেখা প্রয়োজন।

আরও বেশ কয়েকটি দেশ বিষয়টির ওপর নজর রাখবে। মঙ্গলবার শুল্ক কার্যকর হওয়ার পর বিষয়টি হয়তো আরও স্পষ্ট হয়ে উঠবে।

সব দেশ হয়তো চুক্তি বাতিল করতে চাইবে না। অনেক দেশ ইতিমধ্যে ট্রাম্পের শুল্কনীতির সঙ্গে খাপ খাইয়ে নিতে শুরু করেছে। এমনকি আন্তর্জাতিক পূর্বাভাস অনুযায়ী, বৈশ্বিক অর্থনীতি এখনো তুলনামূলক স্থিতিশীল এবং আগামী বছর প্রবৃদ্ধি ইতিবাচক থাকতে পারে।

বিশ্লেষকদের মতে, ভবিষ্যতে দুটি সম্ভাবনা আছে–কিছু দেশ নতুন করে দর-কষাকষির চেষ্টা করবে, আবার কেউ কেউ অনিশ্চয়তা এড়াতে বিদ্যমান চুক্তিই বহাল রাখতে চাইবে।

অন্তর্বর্তী সরকারের ১৩২ অধ্যাদেশ অনিশ্চয়তায়

২-এর পৃষ্ঠায় পর

রয়েছে অবশ্যই তা বিবেচনা করতে হবে। বিএনপির জোট ও স্বতন্ত্র সংসদ সদস্যরা সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ না নেওয়ায় জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে জানিয়ে তিনি বলেন, সরকারকে আগে থিতু হতে হবে। এরপর তারা করণীয় বিষয়ে সিদ্ধান্ত নেবে। সরকার ১৮০ দিনের যে কর্মসূচির কথা বলছে, এর মধ্যেও বিষয়টি থাকবে। কারণ, ১৮০ দিনের কর্মসূচিতে কোনটি আগে, কোনটি পরে করা হবে, তাও নিশ্চয়ই তাঁরা নির্ধারণ করবেন।

মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তারা বলছেন, অধ্যাদেশগুলোকে আইনে পরিণত করার আগে মন্ত্রণালয় পর্যায়ে সিদ্ধান্ত হবে বর্তমান প্রেক্ষাপটে ওই অধ্যাদেশের আসলে দরকার আছে কি না। এ জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের মন্ত্রীকে প্রথম সেই সিদ্ধান্ত জানাতে হবে। কোনো অধ্যাদেশকে আইনে রূপান্তরের প্রয়োজন হলে তার খসড়া মন্ত্রিসভায় ওঠাতে হবে। মন্ত্রিসভায় আলোচনার পর খসড়া পাস হলে আইনে রূপান্তরের জন্য তা সংসদে যায়।

সংবিধানের ৯৩ অনুচ্ছেদে বলা আছে, অধ্যাদেশ জারি হওয়ার পর সংসদের প্রথম বৈঠকে এসব অধ্যাদেশ উপস্থাপন করতে হবে। কোনো অধ্যাদেশ এর আগে বাতিল না হলে তা অনুরূপভাবে উপস্থাপনের পর ৩০ দিন অতিবাহিত হলে কিংবা অনুরূপ মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগে তা অননুমোদন করে সংসদে প্রস্তাব গৃহীত হলে অধ্যাদেশটির কার্যকরতা লোপ পাবে।

সংবিধানে বলা আছে, রাষ্ট্রপতির জারি করা অধ্যাদেশ যথা শিগগির সংসদে উপস্থাপিত হবে এবং সংসদ পুনর্গঠিত হওয়ার তারিখ থেকে ৩০ দিনের মধ্যে সংবিধানের ৮৭, ৮৯ ও ৯০ অনুচ্ছেদের বিধান প্রয়োজনীয় উপযোগীকরণসহ পালিত হবে। ৮৭, ৮৮ ও ৮৯ অনুচ্ছেদে যথাক্রমে বার্ষিক আর্থিক বিবৃতি, বার্ষিক আর্থিক বিবৃতি সম্পর্কিত পদ্ধতি এবং নির্দিষ্টকরণ আইন নিয়ে বিস্তারিত বলা আছে। এগুলোর বেশির ভাগই বাজেট প্রণয়ন ও বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত। সাধারণত এসব অধ্যাদেশ হুবহু সংসদে আইনে পরিণত করা হয়।

জনপ্রশাসন বিশেষজ্ঞ ফিরোজ মিয়া বলেন, বর্তমান বিএনপি সরকার কোন অধ্যাদেশগুলো আইনে পরিণত করবে তা তাদের নীতিগত সিদ্ধান্তের বিষয়। যেগুলো জনস্বার্থমূলক ও আইনশৃঙ্খলার সহায়ক, সেগুলো রাখা উচিত। তবে হুবহু না রেখে পরিবর্তন, সংযোজন, বিয়োজন করবে তারা। কারণ, বিএনপির নিজেদের সংস্কারনীতি আছে। নির্বাচনী ইশতেহারের সঙ্গে কোনো অধ্যাদেশ সাংঘর্ষিক থাকলে স্বাভাবিকভাবেই তারা সেগুলো আইনে পরিণত করবে না।

এক-এগারোর তত্ত্বাবধায়ক সরকার বিভিন্ন খাতে পরিবর্তন আনতে ২০০৭ সালের ১১ জানুয়ারি থেকে ২০০৯ সালের ৬ জানুয়ারি পর্যন্ত ১২২টি অধ্যাদেশ জারি করেছিল। ২০০৯ সালের জানুয়ারিতে গঠিত নবম সংসদে ১২২টি অধ্যাদেশকেই একসঙ্গে আলোচনার জন্য উপস্থাপন করা হয়। এরপর অধ্যাদেশগুলো পর্যালোচনা করে সুপারিশ দিতে একটি বিশেষ সংসদীয় কমিটি গঠন করা হয়। ওই কমিটি ৫৪টি অধ্যাদেশকে আইনে রূপান্তরের সুপারিশ করে। পরে সেগুলোকে প্রক্রিয়া অনুযায়ী আইনে রূপান্তর করা হয়। অন্য অধ্যাদেশগুলো সংসদ অনুমোদন না দেওয়ায় সংসদ অধিবেশন শুরুর ৩০ দিন পর স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যায়।

দৃষ্টি আকর্ষণ করলে জ্যেষ্ঠ আইনজীবী শরীফ ভূঁইয়া বলেন, অন্তর্বর্তী সরকারের জারি করা অধ্যাদেশগুলোর মধ্যে বেশির ভাগই দেশের শাসনব্যবস্থার গুণগত পরিবর্তন ও সংস্কারের জন্য করা হয়েছে। কাজেই বর্তমান সরকারের উচিত হবে নির্ধারিত সময়সীমার মধ্যে এগুলোকে আইনে পরিণত করা। বর্তমান সরকার কিছু অধ্যাদেশ আইনে পরিণত না করলে কিছু ক্ষেত্রে সমস্যা তৈরি হবে।

ফের তুষারঝড়ের কবলে নিউইয়র্কসহ ট্রাই-স্টেট

প্রথম পৃষ্ঠার পর

অফিসসহ একাধিক সরকারি (জরুরী ও অধিক গুরুত্বপূর্ণ নয় সিটির এমন দপ্তর) এবং বেসরকারী অফিস বন্ধ থাকবে। বাতিল করা হয়েছে সিটি অল্টারনেট সাইড পার্কিং। ঘন্টায় ৬০ মাইল বেগে দমকা হাওয়া, উপকূলীয় বন্যার আশঙ্কা এবং ব্যাপক বিদ্যুৎ বিভ্রাটের সতর্কবার্তার মধ্যে জারি করা হয়েছে জরুরি অবস্থা ও কঠোর ভ্রমণ নিষেধাজ্ঞায় স্থবির নিউইয়র্ক সহ ট্রাইস্টেট এর জনজীবন।

এর আগে গত ২৫ জানুয়ারির তুষারঝড়ে ১৮ জনের মৃত্যু হয়েছিলো। এছাড়াও ৫ বরোর আবাসিক ও বাণিজ্যিক এলাকার সড়কগুলোতে তুষার জমাট বেধে প্রায় দুই সপ্তাহের বেশি চরম দুর্ভোগে পড়েছিলেন সিটির বাসিন্দারা। বিশেষ করে পার্কিং ব্যবস্থা একেবারেই ভেঙে পড়ে। এমন পরিস্থিতি স্বাভাবিক হতে না হতেই আবারো ভয়াবহ তুষারঝড়ের মুখে পড়েছে নিউইয়র্ক। যা গত একক দশকের মধ্যে সর্বোচ্চ।

তথ্যমতে, রোববার সকাল থেকে শুরু হওয়া তুষারপাত বিকেলের পর দ্রুত তীব্র আকার ধারণ করে নিউইয়র্ক সিটি, লং আইল্যান্ড, লোয়ার হাডসন ভ্যালি, নিউ জার্সি ও দক্ষিণ কানেকটিকাট জুড়ে পূর্ণাঙ্গ ব্লিজার্ড পরিস্থিতি তৈরি করেছে। আবহাওয়াবিদদের পূর্বাভাস অনুযায়ী, রাতভর ঘন্টায় ১ থেকে ৩ ইঞ্চি পর্যন্ত তুষারপাত হতে পারে এবং উপকূলীয় এলাকায় দমকা হাওয়ার গতি ৫০ থেকে ৬০ মাইল অতিক্রম করতে পারে। ফলে দৃশ্যমানতা প্রায় শূন্যের কোঠায় নেমে যাওয়ার আশঙ্কা রয়েছে, সৃষ্টি হতে পারে 'হোয়াইটআউট' পরিস্থিতি। রোববার রাত পর্যন্ত কুইন্সের লং আইসল্যান্ড সিটি, জ্যাকসন হাইটস, জ্যামাইকাতে ৭ থেকে ৮ ইঞ্চি, ব্রুকসের ক্যাসল হিল ও পার্কচেস্টারসহ আশেপাশের এলাকায় ১০ ইঞ্চি পর্যন্ত তুষারপাত হয়েছে। ব্রুকলিনেও একই অবস্থা।

পরিস্থিতির গুরুত্ব বিবেচনায় নিউইয়র্ক সিটির মেয়র জোহরান রোববার দুপুরে শহরজুড়ে জরুরি অবস্থা ঘোষণা করেন। তার নির্বাহী আদেশ অনুযায়ী, ২২ ফেব্রুয়ারি ২০২৬ রোববার রাত ৯টা থেকে ২৩ ফেব্রুয়ারি সোমবার দুপুর ১২টা পর্যন্ত নিউইয়র্ক সিটির সব সড়ক, মহাসড়ক, সেতু ও টানেল সকল প্রকার যানবাহনের জন্য বন্ধ থাকবে। এর মধ্যে বাণিজ্যিক ট্রাক, ইলেকট্রিক বাইসাইকেল, স্কুটার ও মপেডও অন্তর্ভুক্ত।

তবে জরুরি অবস্থার সময় নিম্নোক্ত যানবাহন চলাচল করতে পারবে: মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটির বাস ও অ্যাকসেস-এ-রাইড যান, ফেডারেল, অঙ্গরাজ্য বা স্থানীয় সরকারি সংস্থার জরুরি কাজে ব্যবহৃত যানবাহন, অগ্নিনির্বাপণ, চিকিৎসা, অ্যাম্বুলেন্স, উদ্ধার, খাদ্য ও আশ্রয়সেবা প্রদানকারী সংস্থার যানবাহন, খাদ্য, চিকিৎসা সরঞ্জাম বা জ্বালানি সরবরাহকারী যান, ইউটিলিটি কোম্পানির জরুরি মেরামতকারী যান, সরকারি দপ্তর, হাসপাতাল, ফার্মেসি, গ্রোসারি স্টোর, কনভেনিয়েন্স স্টোর, গ্যাস স্টেশন, লন্ড্রোম্যাট, সংবাদমাধ্যম, হোটেল, রেস্তোরাঁ ও হার্ডওয়্যার স্টোরে কর্মরতদের আনা-নেওয়ার যানবাহন, আদালতে যাতায়াতের যান এবং সিটি কর্তৃপক্ষ অনুমোদিত অন্যান্য যানবাহন।

জরুরি ব্যবস্থাপনা, ফায়ার, পুলিশ, স্যানিটেশন, সোশ্যাল সার্ভিসেস ও ট্রান্সপোর্টেশন বিভাগের কমিশনারদের জননিরাপত্তা রক্ষায় প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।

সোমবার, ২৩ ফেব্রুয়ারি সিটি অফিসগুলো জনসাধারণের জন্য সরাসরি সেবা বন্ধ থাকবে। প্রয়োজনীয় কর্মীরা নিজ নিজ কর্মস্থলে দায়িত্ব পালন করবেন এবং অপ্রয়োজনীয় কর্মীদের ক্ষেত্রে টেলিওয়ার্কের সুযোগ দেওয়া হবে যেখানে সম্ভব।

মেয়র ঘোষণা দেন, সোমবার সিটির পাবলিক স্কুলগুলো বন্ধ থাকবে এবং পূর্ণাঙ্গ 'স্নো ডে' পালন করা হবে। ২০১৯ সালের পর এটিই প্রথম ঐতিহ্যবাহী তুষার দিবস। চার্টার ও কো-লোকেটেড বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানও বন্ধ থাকবে, তবে যেসব ভবন ওয়ার্মিং সেন্টার হিসেবে ব্যবহৃত হচ্ছে সেগুলো খোলা থাকবে। একই সঙ্গে Archdiocese of New York-এর অধীন সব ক্যাথলিক স্কুলসহ নিউইয়র্ক ও নিউ





জার্সির অসংখ্য স্কুল ডিস্ট্রিক্ট সোমবার বন্ধ ঘোষণা করেছে।

এছাড়া আর্ডসলি, ব্যান্ডউইন, বে শোর, বেলমোর, ব্রেন্টউড, সেন্ট্রাল আইসলিপ, চ্যাপাকুয়া, ডিয়ার পার্ক, ইস্ট আইসলিপ, ইস্ট রামাপো, এলমন্ট, এলউড, ফ্রিপোর্ট, গ্রীনবার্গ, হেম্পস্টেড, হিকসভিল, হান্টিংটন, আইসলিপ, কিংস্টন, লংউড, ম্যানহ্যাসেট, মাসাপেকুয়া, মিডল কান্ট্রি, মন্টিসেলো, নিউ রোশেল, নর্থ ব্যাবিলন, ওশানসাইড, প্যাচোগ-মেডফোর্ড, পোর্ট জার্ভিস, রিভারহেড, রকভিল সেন্টার, সাচেম, সিওসেট, ভ্যালি স্ট্রিম, ওয়ান্টাকিল, হোয়াইট প্লেইন্সসহ বহু স্কুল ডিস্ট্রিক্ট সম্পূর্ণ বন্ধ। কিছু প্রতিষ্ঠানে রিমোট লার্নিং চালু থাকবে, যেমন সেন্টার মোরিচেস ও ওয়েস্ট ব্যাবিলন।

নিউইয়র্ক সিটির মেয়র এক সংবাদ সম্মেলনে বলেন, "এগুলো ব্লিজার্ড পরিস্থিতি। শক্তিশালী বাতাস, ভারী তুষার এবং উপকূলীয় প্লাবনের সমন্বয় ঘটবে। গত দশ বছরে নিউইয়র্ক এই মাত্রার ঝড়ের মুখোমুখি হয়নি।"

জানুয়ারির ঝড়টি মেয়র মমদানির নেতৃত্ব এবং প্রশাসনের কার্যকারিতা পরীক্ষা করার জন্য প্রথম বড় ধাপ ছিল। তখন ৫০০ জন তুষার সরানোর কর্মী ব্যবহার করা হয়েছিল। এবার সংখ্যা দ্বিগুণের বেশি। তাছাড়া ২, ৫০০ জন স্যানিটেশন কর্মীর মধ্যে এবার আরও ১০০ জন ১২ ঘন্টা শিফটে কাজ করবেন তুষার সরানো এবং লবণ ছিটানোর জন্য। পাবলিক স্কুলের শিক্ষার্থীরা সোমবার 'স্নো ডে' পাবেন, যেখানে জানুয়ারিতে স্কুল ভার্চুয়ালি চালু ছিল।

গৃহহীনদের নিরাপত্তাও প্রধান অগ্রাধিকার। মেয়র জানিয়েছেন, শহর ইতিমধ্যে ৮৬ জনকে আশ্রয়কেন্দ্র বা অন্যান্য নিরাপদ স্থানে স্থানান্তর করেছে। মোবাইল ওয়ার্মিং ইউনিট শহরের বিভিন্ন স্থানে ঘুরছে। ওভারডোজ প্রতিরোধ কেন্দ্রও রাতভর খোলা থাকবে, কারণ জানুয়ারির ঝড়ের সময় অনেক মৃত্যু ওভারডোজ-সংক্রান্ত ছিল। ।

নিউ জার্সিতেও ব্যাপক বন্ধ ঘোষণা করা হয়েছে। প্যাটারসন, প্যাসেইক, সেককাস, ওয়েস্ট অরেঞ্জ, বেয়ন, এলিজাবেথ, ক্লমফিল্ড, হ্যাকেনস্যাক, হোবোকেন, লিভিংস্টন, মার্লবোরো, মিডলটাউন, নিউ ব্রান্সউইক, ওশান টাউনশিপ, প্যারামাস, রিজফিল্ড পার্ক, টিনেক, টিনটন ফলস, টোটোয়া ও ওয়েস্ট লং ব্রাঞ্চসহ অসংখ্য স্কুল ডিস্ট্রিক্ট সোমবার বন্ধ থাকবে।

কর্তৃপক্ষ অভিভাবক ও শিক্ষার্থীদের নিজ নিজ স্কুল ডিস্ট্রিক্টের ওয়েবসাইট বা অফিসিয়াল নোটিশ অনুসরণ করার অনুরোধ জানিয়েছে, কারণ আবহাওয়ার পরিস্থিতির ওপর ভিত্তি করে সিদ্ধান্ত পরিবর্তিত হতে পারে। বাসিন্দাদের অপ্রয়োজনীয় বাইরে বের না হওয়ার এবং নিরাপদে ঘরে থাকার আহ্বান জানানো হয়েছে।

নিউইয়র্কের গভর্নর ক্যাথি হোকুল সতর্ক করে বলেছেন, লং আইল্যান্ড, নিউইয়র্ক সিটি ও লোয়ার হাডসন ভ্যালি সরাসরি ঝড়ের মূল অক্ষে রয়েছে। রাজ্যজুড়ে জরুরি অবস্থা জারি করে তিনি লং আইল্যান্ড ও ওয়েস্টচেস্টারেও রাত ৯টা থেকে ভ্রমণ নিষেধাজ্ঞা কার্যকর করেছেন।

এদিকে নিউইয়র্ক সিটিসহ ট্রাইস্টেট এলাকায় বসবাসরত বাংলাদেশি মুসলিম কমিউনিটি সংগঠনের মাহে রামদ্বানের পূর্বনির্ধারিত প্রায় অর্ধশতাধিক ইফতার মাহফিল রোববার বাতিল করা হয়েছে। সোমবারও বেশ কয়েকটি সংগঠনের ইফতার মাহফিল বাতিলের আশঙ্কা দেখা দিয়েছে।

পরিবহন ব্যবস্থায় ব্যাপক প্রভাব পড়েছে। লং আইল্যান্ড রেল রোড সোমবার রাত ১টা থেকে পরিষেবা স্থগিত রাখার ঘোষণা দিয়েছে। মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (এমটিএ) জানিয়েছে, সাবওয়ে ও বাস পরিষেবা নিরাপত্তা বিবেচনায় সীমিত আকারে চলবে এবং বেশ কয়েকটি উন্মুক্ত লাইনে বিলম্ব হতে পারে। স্ট্যাটেন আইল্যান্ড ফেরি সীমিত সময়সূচিতে পরিচালিত হবে। নিউ জার্সিতে NJ Transit বাস ও লাইট রেল পরিষেবা স্থগিত করেছে এবং বহু রুটে ট্রেন পরিষেবা বাতিল বা সীমিত করা হয়েছে।

বিমান চলাচলেও বড় ধরনের বিপর্যয় নেমে এসেছে। ফ্লাইট অ্যাওয়ারের তথ্য অনুযায়ী, যুক্তরাষ্ট্রজুড়ে হাজার হাজার ফ্লাইট বাতিল বা বিলম্বিত হয়েছে। নিউইয়র্ক অঞ্চলের জন এফ কেনেডি, লাগার্ডিয়া, নিউয়ার্ক এ বাতিলের সংখ্যা সর্বাধিক। রোববার দুপুর পর্যন্ত যুক্তরাষ্ট্রজুড়ে তিন হাজারেরও বেশি ফ্লাইট বাতিল এবং প্রায় দুই হাজার নয়শো ফ্লাইট বিলম্বিত হয়েছে। নিউইয়র্ক সিটির জন এফ কেনেডি আন্তর্জাতিক বিমানবন্দর ও লাগার্ডিয়া বিমানবন্দর-এ বাতিলের সংখ্যা সবচেয়ে বেশি। এরপর রয়েছে নিউয়ার্ক লিবার্টি আন্তর্জাতিক বিমানবন্দর, ফিলাডেলফিয়া আন্তর্জাতিক বিমানবন্দর, রোনাল্ড রেগান ওয়াশিংটন ন্যাশনাল বিমানবন্দর এবং বস্টন লগান আন্তর্জাতিক বিমানবন্দর।

বিমান বিশ্লেষণ সংস্থা জানিয়েছে, সোমবার লাগার্ডিয়া বিমানবন্দর-এ নির্ধারিত ফ্লাইটের ৮২ শতাংশ ইতোমধ্যে বাতিল করা হয়েছে। ফলে সোমবার সকালের বিমান চলাচল কার্যত অচল হয়ে পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। যাত্রীদের নিজ নিজ এয়ারলাইনের সঙ্গে যোগাযোগ রাখার পরামর্শ দেওয়া হয়েছে।

আবহাওয়া দপ্তরের সর্বশেষ পূর্বাভাস অনুযায়ী, নিউইয়র্ক সিটিতে ১২ থেকে ১৮ ইঞ্চি এবং স্ট্যাটেন আইল্যান্ড, ব্রুকলিন ও কুইন্সের দক্ষিণাংশে ১৮ থেকে ২৪ ইঞ্চি পর্যন্ত তুষারপাত হতে পারে। লং আইল্যান্ডের সাউথ শোর এলাকায় দুই ফুট পর্যন্ত তুষার জমার সম্ভাবনা রয়েছে। নিউ জার্সি শোর ও আশপাশের এলাকাতেও ১৮ ইঞ্চির বেশি তুষারপাতের আশঙ্কা করা হচ্ছে। উপকূলীয় এলাকায় উচ্চ জোয়ারের সময় ১ থেকে ৩ ফুট পর্যন্ত জলপ্লাবনের ঝুঁকি রয়েছে।

ভারী তুষারের কারণে বিদ্যুৎ লাইনে অতিরিক্ত চাপ সৃষ্টি হয়ে ব্যাপক বিদ্যুৎ বিভ্রাটের আশঙ্কা দেখা দিয়েছে। কন এডিশন সহ ইউটিলিটি সংস্থাগুলো অতিরিক্ত কর্মী মোতায়েন করলেও ঘন্টায় ৩৯ মাইলের বেশি বাতাসে মেরামতকাজ সাময়িকভাবে বন্ধ রাখতে হতে পারে বলে জানানো হয়েছে। বাজারে অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ঠেকাতে সিটি কর্তৃপক্ষ নজরদারি জোরদার করেছে এবং বিকল্প পার্কিং বিধি সাময়িকভাবে স্থগিত করা হয়েছে যাতে দ্রুত তুষার অপসারণ সম্ভব হয়।

বিশেষজ্ঞদের মতে, এই ঝড়টি নিউইয়র্ক সিটির ইতিহাসে শীর্ষ ১০ তুষারঝড়ের তালিকায় স্থান করে নিতে পারে। ২০১৬ সালের জানুয়ারিতে সেন্ট্রাল পার্কে রেকর্ড ২৭ দশমিক ৫ ইঞ্চি তুষারপাত হয়েছিল; এবারের ঝড় সেই ঐতিহাসিক ঘটনার পর সবচেয়ে বড় তুষারঝড়ে রূপ নিতে পারে বলে ধারণা করা হচ্ছে।

সব মিলিয়ে এক মাসের মধ্যে দ্বিতীয়বারের মতো তুষারঝড়ে কার্যত স্থবির হয়ে পড়েছে ট্রাই-স্টেট অঞ্চলের স্বাভাবিক জীবনযাত্রা। শিক্ষা, পরিবহন, প্রশাসন ও বিমান চলাচল– সব ক্ষেত্রেই নেমে এসেছে অচলাবস্থা। কর্তৃপক্ষ নাগরিকদের অপ্রয়োজনীয় বাইরে না বের হওয়া, প্রয়োজনীয় খাদ্য ও ওষুধ মজুত রাখা এবং সরকারি নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করার আহ্বান জানিয়েছে। পরিস্থিতি উন্নত না হওয়া পর্যন্ত পুরো অঞ্চল উচ্চ সতর্কতায় থাকবে বলে জানিয়েছে সিটি ও অঙ্গরাজ্য প্রশাসন।

নাগরিক হওয়ার আগে ভোটার নিবন্ধন:

প্রথম পৃষ্ঠার পর

স্মারকলিপিতে বলা হয়েছে, হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশনসের আইডেন্টিটি অ্যান্ড বেনিফিট ফ্রড ইউনিট এই উদ্যোগ তদারকি করছে। ইউনিটটি "ফেডারেল, স্টেট ও স্থানীয় নির্বাচনের অখণ্ডতা ক্ষুণ্নকারী কার্যক্রম চিহ্নিত, তদন্ত ও ব্যাহত করার জন্য এবং প্রযোজ্য নির্বাচনী আইন অনুসরণের নিশ্চয়তা প্রদানে" নিয়োজিত। এই উদ্যোগের আওতায় সব খোলা ও বন্ধ ভোট জালিয়াতি মামলা পুনঃপর্যালোচনা করে প্রাকৃতিকীকরণের আগে ভোটার নিবন্ধন বা ভোট দেওয়া ব্যক্তিদের শনাক্ত করতে বলা হয়েছে।

ডিএইচ এর একজন মুখপাত্র সিএনএনকে বলেছেন, "কোনও নতুন কিছু নয়। আমরা প্রেসিডেন্টের নির্বাহী আদেশ কার্যকর করছি। অবৈধ বিদেশীরা আমেরিকার নেতা নির্বাচন করবে না এটি ফেডারেল নির্বাচনে ভোট দেওয়া একটি ফৌজদারি অপরাধ।"

এর আগে প্রশাসন নাগরিকত্ব ছাড়ার বা ডি-ন্যাচারালাইজেশন ক্ষমতা সম্প্রসারণের মাধ্যমে ট্রাম্পের কড়া অভিবাসন নীতির সঙ্গে যুক্ত একটি বৃহত্তর পরিকল্পনার অংশ হিসেবে ভোট জালিয়াতি অনুসন্ধানকে ত্বরান্বিত করার চেষ্টা করছে।

যদিও অ-নাগরিক ভোটার ঘটনা বিরল, তবে ভোট নিবন্ধন তালিকায় কখনও কখনও তারা অনিচ্ছাকৃতভাবে অন্তর্ভুক্ত হয়। কিছু স্টেট ইতিমধ্যেই ফেডারেল অভিবাসন তথ্য ব্যবহার করে তাদের ভোটার তালিকা যাচাই করছে।

আইডাহোতে প্রাথমিক ডেটা অনুসন্ধানে প্রায় ১ মিলিয়নের মধ্যে ৭৬০ জন সম্ভাব্য অ-নাগরিক শনাক্ত হলেও পরবর্তী যাচাই প্রায় একটি ডজন মামলাকে সম্ভাব্য ফেডারেল ফৌজদারি তদন্তের জন্য প্রেরণ করে।

নতুন স্মারকলিপিতে জাল ভোট ও নিবন্ধন সম্পর্কিত একাধিক ফেডারেল অপরাধধারা উল্লেখ করা হয়েছে। এসব আইনে "জ্ঞান নিয়ে" অবৈধভাবে ভোটার নিবন্ধন বা ভোট দেওয়ার প্রয়োজনীয়তা রয়েছে।

এই উদ্যোগের সঙ্গে বিচার বিভাগও যুক্ত রয়েছে। ট্রাম্প প্রশাসন গত বছর থেকে স্টেটের ভোটার তালিকার ব্যক্তিগত তথ্য সংগ্রহ ও যাচাই করার প্রচেষ্টা চালাচ্ছে। বিচার বিভাগ ইতিমধ্যেই ২৫টি মামলা করেছে, যেখানে বেশিরভাগ রাজ্য নির্বাচন কর্মকর্তারা তথ্য প্রদান করতে অস্বীকার করেছেন। তবে কিছু স্টেট যেখানে প্রধান নির্বাচনী কর্মকর্তারা রিপাবলিকান ও তথ্য সরবরাহে দ্বিধা প্রকাশ করেছেন।

অতীতের মামলাগুলিতে আদালত প্রায় সব ক্ষেত্রে প্রশাসনের দাবিকে প্রত্যাখ্যান করেছে, নাকি আইনি যুক্তি বিবেচনায় অথবা প্রক্রিয়াগত কারণে মামলা বাতিল করেছে। ডিএইচএস'র এই নতুন উদ্যোগ এবং বিচার বিভাগের সহযোগিতা ভোট জালিয়াতি ও প্রাকৃতিকীকরণের আগে নাগরিকত্ব যাচাইকে আরও জোরদার করার লক্ষ্যে চালু হচ্ছে।

আইস-স্থানীয় পুলিশের যৌথ কার্যক্রম রেকর্ড বৃদ্ধি

প্রথম পৃষ্ঠার পর

প্রতিনিধি হিসেবে অভিবাসীদের শনাক্ত ও গ্রেপ্তারের কাজ চালাতে পারবে।

বিশ্লেষকরা বলছেন, গতবার এই প্রোগ্রাম প্রয়োগের সময় সাধারণ মানুষের ভুল, স্বাস্থ্যসেবা ও দৈনন্দিন জীবন প্রভাবিত হয়েছিল। জনমত জরিপে দেখা গেছে, সম্প্রতি মিনেসোটায় দুই আমেরিকান নিহত হওয়ার পর ট্রাম্প প্রশাসনের অভিবাসন নীতির সমর্থন কমে গেছে। আইস জানিয়েছে, যৌথ কার্যক্রম দেশীয় নিরাপত্তা রক্ষায় এবং আইন লঙ্ঘনকারী অভিবাসীদের শনাক্ত ও প্রত্যাহার নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ।

যুক্তরাষ্ট্রে স্থানীয় পুলিশ কর্মকর্তাদের সঙ্গে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস ইনফোর্সমেন্ট এর যৌথ কার্যক্রম এক বছরে তীব্রভাবে বৃদ্ধি পেয়েছে। নতুন বিশ্লেষণ অনুযায়ী, ট্রাম্প প্রশাসনের দ্বিতীয় মেয়াদের প্রথম বছরে আইস-এর জন্য স্থানীয় পুলিশকে "ডেপুটি" হিসেবে নিযুক্ত করার চুক্তি ৯৫০ শতাংশ বেড়েছে। ২০২৬ সালের জানুয়ারি পর্যন্ত ১,১৬৮টি স্থানীয় পুলিশ সংস্থা এই চুক্তিতে রয়েছে, যা বাইডেন প্রশাসনের সময় ১৩৫ এবং ট্রাম্পের প্রথম মেয়াদের শেষের সময় ১৫০ ছিল।

এই চুক্তির আওতায় স্থানীয় পুলিশ কর্মকর্তারা আইস এর প্রশিক্ষণপ্রাপ্ত ডেপুটি হিসেবে কাজ করেন। তারা নিয়মিত পুলিশিংয়ের কাজ চালিয়ে যেতে থাকলেও, অনৈতিকভাবে যুক্তরাষ্ট্রে অবস্থানরত ব্যক্তিদের শনাক্ত এবং গ্রেপ্তারের জন্য আইস-এর অধীনে কার্যক্রম পরিচালনা করতে পারেন। তবে সব জেলা প্রশাসন এই প্রোগ্রামে অংশগ্রহণ করছে না। মেরিল্যান্ডের মন্টগোমারি কাউন্টি জেলা অ্যাটর্নি এবং পুলিশ চিফ অ্যাসোসিয়েশন জানিয়েছে, তাদের সংস্থা কোনো চুক্তি স্বাক্ষর করেনি এবং তারা কেবল আদালতের নির্দেশ অনুযায়ী কার্যকরী হবে। অন্যদিকে নিউ অরলিন্সে, রাজ্য গভর্নর জেফ ল্যান্ড্রি স্থানীয় আইন প্রয়োগ সংস্থাগুলিকে ওঈউ-এর অপারেশনে সহযোগিতার নির্দেশ দিয়েছেন।

এফডাব্লিউ ইউএএস'র -এর বিশ্লেষণে দেখা গেছে, ৩৯টি রাজ্যের পুলিশ সংস্থা এখন আইস এর সঙ্গে যৌথভাবে কাজ করছে। সবচেয়ে বেশি চুক্তি রয়েছে ফ্লোরিডায় ৩৪২টি, টেক্সাসে ২৯৬টি, টেনেসিতে ৬৩টি, পেনসিলভানিয়ায় ৫৮টি এবং আলাবামায় ৫২টি। আইস এর প্রোগ্রাম অনুযায়ী, প্রশিক্ষিত প্রতিটি কর্মকর্তার জন্য সংস্থাগুলি ৭, ৫০০ ডলারের সরঞ্জাম বরাদ্দ পাবেন। নতুন যানবাহনের জন্য ১, ০০, ০০০ লাখ ডলার এবং ওভারটাইমে কর্মকর্তার বেতনের ২৫ শতাংশ পর্যন্ত অর্থ পাওয়া যাবে। এফডাব্লিউ ইউএএস'র পূর্বাভাস অনুযায়ী, এই বরাদ্দ ২০২৬ সালে রাজ্য ও স্থানীয় আইন প্রয়োগ সংস্থাগুলিকে প্রায় ১.৪ থেকে ২ বিলিয়ন ডলার সুবিধা দিতে পারে।

টাস্ক ফোর্স মডেলটি প্রথম চালু হয়েছিল ট্রাম্পের প্রথম মেয়াদে, তবে আগে ওবামা প্রশাসন ২০১২ সালে বন্ধ করেছিল, স্থানীয় পুলিশের বিরুদ্ধে জাতিগতভিত্তিক ভয়, শনাক্তকরণ ও বর্ণবাদী অভিযোগের কারণে। ট্রাম্প প্রশাসন ২০২৫ সালে পুনরায় মডেলটি চালু করে, রাজ্য ও স্থানীয় সংস্থা এবং শেরিফের অফিসগুলোকে নতুন অর্থায়ন ও প্রণোদনা দিয়ে।

তবে জনমত জরিপ দেখাচ্ছে, ট্রাম্পের কঠোর ইমিগ্রেশন নীতি নিয়ে সমালোচনা বাড়ছে। সম্প্রতি মিনেসোটায় দুই আমেরিকান নিহত হওয়ার পর ঘইঈ ঘবংি-এর জরিপে দেখা গেছে, ৬০ শতাংশ মানুষ সীমান্ত নিরাপত্তা এবং ইমিগ্রেশন পদক্ষেপের সমর্থন করেননি। ৪০ শতাংশ সমর্থন ব্যক্ত করেছে, যার মধ্যে ২৭ শতাংশ শক্তভাবে এবং ১৩ শতাংশ আংশিকভাবে সমর্থন করেছেন।

বিশ্লেষকরা সতর্ক করে বলছেন, আইস-এর এই "টাস্ক ফোর্স" মডেল সম্প্রসারণের ফলে সাধারণ জনগণকে ঘরে বন্দী করে রাখা, স্কুলে উপস্থিতি কমানো, স্বাস্থ্যসেবা গ্রহণে বাধা এবং সামাজিক ভয় সৃষ্টি করা হতে পারে। এফডাব্লিউ ইউএএস'র ক্রিমিনাল জাস্টিস বিশ্লেষক ফ্যালিসিটি রোজ বলেন, "আইস যখন শহরে আসে, তখন পরিবারের জীবন, শিক্ষা ও স্বাস্থ্যসেবা প্রায়শই প্রভাবিত হয়। এই প্রোগ্রাম সম্প্রসারণের ফলে এমন প্রভাব দেশের অন্যান্য শহরেও দেখা দিতে পারে।"

আইস বলেছে, স্থানীয় ও রাজ্য পুলিশ কর্মকর্তাদের সহযোগিতা দেশীয় নিরাপত্তা রক্ষায় এবং আইন লঙ্ঘনকারী অভিবাসীদের শনাক্ত ও প্রত্যাহার নিশ্চিত করতে অত্যন্ত গুরুত্বপূর্ণ। আইসের ওয়েবসাইটে বলা হয়েছে, "আমাদের লক্ষ্য হলো যুক্তরাষ্ট্রের কমিউনিটিগুলিকে সুরক্ষিত রাখা এবং আইন লঙ্ঘনকারী অভিবাসীদের গ্রেপ্তার ও প্রত্যাহার নিশ্চিত করা।"

ডিগ্রি ছাড়া নিউইয়র্ক সিটিতে চাকরির সুযোগ

প্রথম পৃষ্ঠার পর

যেগুলোর জন্য কলেজ ডিগ্রি প্রয়োজন নেই। এই এন্ট্রি লেভেলের চাকরিগুলো খুঁজে পাওয়া যায় নিউইয়র্ক সিটির অফিসিয়াল ক্যারিয়ার ওয়েবসাইট জবসএনওয়াইসি-JobsNYC পোর্টালে।

তথ্যমতে, ম্যানহাটানে হোমলেস সার্ভিসেস ডিপার্টমেন্ট পূর্ণকালীন কমিউনিটি অ্যাসিস্ট্যান্ট নিয়োগ দিচ্ছে। এই পদের কাজের মধ্যে রয়েছে সাধারণ পরিচ্ছন্নতা রক্ষা, রেস্টরুম, ডরমিটরি, লন্ড্রি রুম, কমন এরিয়া, অফিস স্পেস এবং অন্যান্য কাজের এলাকা পরিষ্কার করা, ডেলিভারি লোড ও আনলোড করা, সরবরাহ স্টক করা এবং ইনভেন্টরি রেকর্ড বজায় রাখা। কাজের সময় রবিবার থেকে বৃহস্পতিবার দুপুর ১২টা থেকে রাত ৮টা পর্যন্ত এবং বেতন বার্ষিক ৮৩৯, ৯৭০ থেকে ৮৪৩, ৪৬০।

একই বিভাগে আরও একটি পদ খালি রয়েছে, কমিউনিটি অ্যাসোসিয়েট হিসেবে ইনটেক স্পেশালিস্ট হিসেবে কাজ করার সুযোগ। এই পদের দায়িত্বের মধ্যে রয়েছে হোমলেস সার্ভিসেসের আওতাধীন সম্প্রদায়ের সঙ্গে যোগাযোগ রাখা, সরকারি প্রোগ্রাম ও সেবা সম্পর্কে তাদের অবহিত করা, কমিউনিটি শেল্টারের সঙ্গে লিয়াজন হিসেবে কাজ করা এবং শেল্টার প্লেসমেন্ট তথ্য প্রদান ও পরিবহন সুবিধা নিশ্চিত করা। কাজের সময় মঙ্গলবার থেকে শনিবার সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এবং বেতন ৮৪৪, ৫৪৫ থেকে ৮৫১, ২২৭।

আরও বিস্তারিত তথ্য পাওয়া যাবে জবসএনওয়াইসি পোর্টালে।

মেয়র মামদানীর প্রোপার্টি ট্যাক্স বৃদ্ধির ঘোষণা:

প্রথম পৃষ্ঠার পর

ও জননিরাপত্তা খাতে ব্যয় বৃদ্ধির কারণে বাজেট চাপ বেড়েছে।

বাজেট ঘাটতি ৫.৪ বিলিয়ন ডলার মেটানোর জন্য মামদানী দুটি বিকল্প পথ ধনীদের ওপর অতিরিক্ত কর আরোপের চেষ্টা করা বা প্রোপার্টি ট্যাক্স ৯.৫% বাড়ানো

মেয়র মামদানী বলেন, "আমরা ধনীদের ন্যায্য অংশ দিতে চেয়েছিলাম। কিন্তু সেই সুযোগ সীমিত হওয়ায় নগরীর সেবা চালিয়ে যাওয়ার জন্য প্রোপার্টি ট্যাক্স বৃদ্ধি করা হয়েছে।" তিনি আরও জানিয়েছেন, নিম্ন আয়ের গৃহমালিকদের জন্য রিবেট বা করছাড়ের ব্যবস্থা রাখা হবে, কিন্তু উচ্চমূল্যের আবাসিকদের ওপর নতুন কর প্রয়োগের মাধ্যমে নগরীর রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা করা হয়েছে।

তবে বাড়ির মালিক এবং রিয়েল এস্টেট সংগঠনগুলো বলছে, এই সিদ্ধান্ত মধ্যবিত্ত ও ভাড়া-ভোগী উভয়ের ওপর প্রভাব ফেলবে। বিশেষ করে শহরের রেন্ট ফ্রিজিং নীতি কঠিন অবস্থায় পড়তে পারে। বিশ্লেষকরা বলছেন, বাড়ির মালিকরা বাড়তি করভার বহন করতে গিয়ে ভাড়া বাড়ানোর চেষ্টা করতে পারেন, যা রেন্ট ফ্রিজিংয়ের লক্ষ্য ভাড়া নিয়ন্ত্রণে রাখাকে দুর্বল করবে। রেন্ট ফ্রিজিংযুক্ত প্রোপার্টি নেটওয়ার্কগুলো ইতিমধ্যেই উদ্বেগ প্রকাশ করেছে যে, কর বৃদ্ধির ফলে মালিকদের আর্থিক চাপ বেড়ে গেলে তারা ফ্রিজিং শর্ত অমান্য করতে বাধ্য হতে পারেন।

ব্রুকলিন ও কুইন্সে কয়েকটি কমিউনিটি বোর্ড ইতিমধ্যেই জরুরি বৈঠক ডেকেছে। অর্থনৈতিক বিশ্লেষকরা সতর্ক করেছেন, প্রোপার্টি ট্যাক্স বৃদ্ধির ফলে শুধু বাড়ির মালিকরা নয়, ভাড়াটিয়াদের ওপরও আর্থিক চাপ বাড়তে পারে।

বাজেট ঘাটতি পূরণের জন্য এই পদক্ষেপ নিতে চাওয়া হলেও, স্থানীয় বাসিন্দারা এবং স্টেট গভর্নর সহ কাউন্সিলের বেশ কয়েকজন সদস্য এটি ন্যায্য মনে করছেন না।

বাজেট ঘাটতি ৮৫.৪ বিলিয়ন মেটানোর জন্য মামদানী দুটি বিকল্প পথ ধনীদের ওপর অতিরিক্ত কর আরোপের চেষ্টা করা বা প্রোপার্টি ট্যাক্স ৯.৫% বাড়ানো দুটিকেই গভর্নর ক্যাথি হোকুল প্রত্যাখ্যান করেছেন। তবে মেয়র বলেন, "অন্য কোনো বিকল্প না থাকায় আমাদেরই একমাত্র হাতিয়ার ব্যবহার করতে হবে। তা হল প্রোপার্টি ট্যাক্স বৃদ্ধি।" তবে এই প্রস্তাব কার্যকর করতে হলে সিটি কাউন্সিলের অনুমোদন প্রয়োজন। কাউন্সিল স্পিকার জুলিয়া মেনিন জানিয়েছেন, "এই প্রস্তাব কখনোই টেবিলে থাকা উচিত নয়।"

স্থানীয় বাসিন্দারা মেয়রের পদক্ষেপকে সরাসরি নিজের উপর আঘাত হিসেবে দেখছেন। সাউথইস্ট কুইন্সের একজন বাড়িওয়ালা ভিভিয়ান ক্যাম্পবেল বলেন, "আমি বাড়ি ছাড়ছি না, কিন্তু এই ট্যাক্স বৃদ্ধির প্রস্তাবে আমরা প্রতারিত বোধ করছি। এটা মিথ্যা প্রতিশ্রুতির মতো।" অন্যরা বলেন, তারা ভোট দিয়ে মেয়রকে দায়িত্ব দিয়েছেন, কিন্তু এখন কর বৃদ্ধির মতো সিদ্ধান্ত তাদের ওপর চাপিয়ে দেওয়া হচ্ছে।

সিটি কাউন্সিলের কিছু সদস্য বলছেন, তারা বিকল্প আয়ের উৎস খুঁজে বের করার চেষ্টা করছেন, যাতে সরাসরি প্রোপার্টি ট্যাক্স বাড়ানো ছাড়াই বাজেট ঘাটতি পূরণ করা যায়। তবে রাজ্য সরকারের সঙ্গে নতুন আলোচনা ছাড়া এই প্রস্তাব বাস্তবায়ন কঠিন।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার
INAMULHAQUE M SABOOR,MD
USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine
সেবাসমূহ
❖ জেনারেল চেক আপ ❖ ইকেজি
❖ ডায়াবেটিস ❖ বয়স্ক ভেক্সিনেশান
❖ হাইপারটেনশন ❖ হজ্ব ভেক্সিনেশান
❖ হাই কোলেষ্টরল, এজমা ❖ ব্লাড টেষ্ট ❖ TLC EYE EXAM
আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন

Saboor Waizun Medical PC
আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি
BROOKLYN 486 MCDONALD AVE BROOKLYN, NY 11218 PH: (718) 247-7226 Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM
JAMAICA 87-12 167TH ST JAMAICA, NY 11432 PH: (718) 558-0280 Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

We Speak বাংলা, English, हिन्दी العربية
ALAM MEDICAL
লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।
Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician

আমাদের সেবাসমূহ :
• হেলথ চেকআপ।
• দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
• রোগ প্রতিষেধক টিকা প্রদান।
• শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
• নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।
আমাদের সাথে যোগাযোগ করুন
Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

بسم الله الرحمن الرحيم

কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউ,এস,এ ইনক্

KULAURA BANGLADESHI ASSOCIATION OF U.S.A INC.

পবিত্র মাহে রমজান

ইফতার ও দোয়া মাহফিল

সম্মানিত কুলাউড়াবাসী,

আসসালামু আলাইকুম। **১লা মার্চ ২০২৬ইং, রবিবার,** কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউ,এ, ইনক- এর উদ্যোগে এক বাৎসরিক ইফতার ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

উক্ত ইফতার ও দোয়া মাহফিলে আপনারা স্বপরিবারে আমন্ত্রিত।

1st March 2026, Sunday

Queens Place
37-11 57th St,
Woodside, NY 11377

আমন্ত্রনেঃ

সৈয়দ ইলিয়াস খসরু
সভাপতি
৬৪৬-২৯১-৭৪০৮

মঈনুর রহমান সুয়েব
সাধারণ সম্পাদক
৯১৭-৩৪০-৭১৬৭

উপদেষ্ঠা পরিষদ

আবুল কালাম, মোঃ আব্দুল জলিল, ফারুক এ. চৌধুরী, মোঃ আব্দুস সালাম, মোঃ নজরুল ইসলাম, বেদারুল ইসলাম বাবলা, মশাহিদ জে. রাশেদ, সিরাজ উদ্দিন আহমদ, মোঃ এ.এম চৌধুরী, মোঃ তজমুল আলী ও কামরুল হোসেন চুনু

কার্যকরি পরিষদ

লুৎফুর রহমান (সহ সভাপতি), **বদরুল ইসলাম মিন্টু** (সহ-সাধারণ সম্পাদক), **ওবায়দুর রহমান কামাল** (কোষাধ্যক্ষ), **রাহাত বিন ওয়াহিদ চৌধুরী** (সাংগঠনিক সম্পাদক), **শামীম আহমদ** (প্রচার সম্পাদক), **মিতা চক্রবর্ত্তী** (সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক), **আজিজুল হক স্বপন** (ক্রীড়া ও সমাজকল্যাণ সম্পাদক), **সালমা চৌধুরী মিলি** (মহিলা বিষয়ক সম্পাদিকা), **মোঃ অলিউর রহমান** (কার্যনির্বাহী সদস্য), **সালিক আহমদ** (কার্যনির্বাহী সদস্য), **মোঃ মতিউর রহমান খান মিল্টিক** (কার্যনির্বাহী সদস্য), **তাহমিদুল ইসলাম চৌধুরী তৌসিফ** (কার্যনির্বাহী সদস্য), ও **ফারুক মিয়া** (কার্যনির্বাহী সদস্য)

প্রচারেঃ শামিম আহমদ

কল্যাণকামী জাতি সৃষ্টিতে মাহে রমাযান



জাফর আহমাদ

আল্লাহ রাহমানুর রাহিম। তাই তিনি দয়ার্দ মানুষকে ভালবাসেন। আল্লাহর অবারিত রহমত ও কল্যাণের বারতা নিয়ে প্রতি বছরই রমযান আমাদের কাছে আসে। যারা আল্লাহর কিতাবের জ্ঞানের অধিকারী, প্রকৃত সত্য সম্পর্কে অবহিত, যারা আল্লাহর এই রহমতকে চেতনায় পোষণ করেন, তারা মানবতার প্রতি এ মাসে আরো বেশী করে দায়িত্বশীলতার ভূমিকায় অবতীর্ণ হন। তারা ভুল কর্মনীতি পরিহার করে সঠিক কর্মনীতি অবলম্বনের কারণে রমযান থেকে আল্লাহর রহমতের বারিধারায় নিজেদের সিক্ত করতে সক্ষম হন এবং নিজেদেরকে মানবতার উচ্চতর পর্যায়ে উন্নীত করেন।

"তোমরাই পৃথিবীর শ্রেষ্ঠ জাতি, মানবতার কল্যাণের জন্য তোমাদের প্রেরণ করা হয়েছে।"(আলে ইমরান:১১০) অর্থাৎ নৈতিক চরিত্র ও কার্যকলাপের দিক দিয়ে এখন তোমরাই দুনিয়ার সর্বোত্তম মানব গোষ্ঠী। তোমাদেও মধ্যে ন্যায় ও সৎবৃত্তির প্রতিষ্ঠা এবং অন্যায় ও অসৎবৃত্তির মুলোৎপাটন করার মনোভাব ও কর্মস্পৃহা সৃষ্টি হয়ে গেছে। কাজেই মানবতার কল্যাণের দায়ভার তোমাদের মাথায় চাপিয়ে দেয়া হয়েছে। তোমরা পৃথিবীতে যা-ই করবে তাতে মানুষের কল্যাণের দিকটি সর্বপ্রথম বিবেচনায় আনতে হবে। এমন কোন আচরণ এমন কোন কাজ করা যাবে না যার দ্বারা মানুষের জীবন দূর্বিসহ হয়ে উঠে। এটি ব্যক্তিগত পর্যায় থেকে নিয়ে প্রাতিষ্ঠানিক, সামাজিক ও রাষ্ট্রীয় পর্যায়ে প্রযোজ্য। প্রত্যেকে যার তার আঙিনা থেকে অবশ্যই মানুষের কল্যাণের নিমিত্তে কাজ করতে হবে। এ দায়ভার এড়াবার সুযোগ কারো নেই।

আল্লাহর রহমত, বরকত অর্জনের সহজতম পথ হলো মানুষের প্রতি কল্যাণ ও সহযোগীতার হাত বাড়িয়ে দেয়া। সকল জাগতিক প্রয়োজনে সাহায্য করা, মানুষের পারস্পরিক গোলমাল বা অশান্তি হলে শান্তি প্রতিষ্ঠার চেষ্টা করা, অসুস্থকে সেবা করা, দুর্গতকে উদ্ধার করা, মাযলুমকে সাহায্য করা। এ ব্যাপারে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর অনেক হাদীস রয়েছে। 'যতক্ষণ একজন মানুষ অন্য কোন মানুষের কল্যাণে নিয়োজিত থাকবে ততক্ষণ আল্লাহ তার কল্যাণে রত থাকবেন। আল্লাহর নিকট সবচেয়ে প্রিয় বান্দা যে মানুষের সবচেয়ে বেশি উপকার করে। আল্লাহর নিকট সবচেয়ে প্রিয় নেক আমল কোন মুসলিমের হৃদয়ে আনন্দ প্রবেশ করান অথবা তার বিপদ, কষ্ট বা উৎকণ্ঠা দূর করা অথবা তার ঋণ আদায় করে দেয়া অথবা তার ক্ষুধা দূর করা। আমার কোন ভাইয়ের সাথে একটু হেঁটে যাওয়া আমার নিকট মসজিদে একমাস ই'তেকাফ করার চেয়েও বেশী প্রিয়। যে ব্যক্তি তার কোন ভাইয়ের সাথে যেয়ে তার প্রয়োজন মিটিয়ে দেবে কিয়ামতের কঠিণ দিনে যেদিন সকলের পা পিছলে যাবে সেদিন আল্লাহ তার পা সুদৃঢ় রাখবেন।

কল্যাণ কামনা গুণীদের ভাষায় মানুষের মৌলিক চরিত্রের অন্তর্ভুক্ত। 'কল্যাণ কামনা' মু'মিনের এমন এক মহত ও দূর্লভ গুণ, এটি যার চরিত্রে বিরাজ করে তার চারিত্রিক সৌন্দর্য ফুলে-ফলে সুশোভিত হয় এবং দুনিয়া ও আখিরাতে তার মর্যাদা বহুগুণে বৃদ্ধি পায়। যিনি অন্যের কল্যাণ কামনা করেন তিনি অপ্রত্যাশিতভাবে কতগুলো অসৎ গুণ থেকে নিজেকে রক্ষা করতে পারেন। যেমন, যিনি অন্যের কল্যাণ কামনা করেন তিনি সাধারণত নির্লোভী, নিরহংকারী ও নিঃস্বার্থবাদী স্বভাবের হন, কারণ লোভী, অহংকারী ও স্বার্থবাদী ব্যক্তি বা ব্যক্তিবর্গ কখনো অন্যের কল্যাণ কামনা করতে পারে না। অন্য ভাইয়ের কল্যাণ কামনা মানে অন্যকে ভালবাসা। অন্যকে ভালবাসা কোন ছেলে খেলা নয়, অবশ্যই এটি একটি কঠিণ বিষয়। কিন্তু কল্যাণকামী মু'মিনের জন্য এটি খুবই সহজ একটি বিষয়। কারণ তাদের ওপর আল্লাহর অবারিত রহমত বর্ষিত হতে থাকে। আল্লাহ তা'আলা বলেন, "ঈমানদার পুরুষ এবং ঈমানদার স্ত্রীলোকেরাই প্রকৃতপক্ষে পরস্পর পরস্পরের দায়িত্বশীল বা সাহায্যকারী বন্ধু। এদের পরিচয় এবং বৈশিষ্ট্য এই যে, এরা নেক কাজের আদেশ দেয়, অন্যায় কাজ থেকে বিরত রাখে, নামায কায়েম করে এবং যাকাত আদায় করে, আল্লাহ ও রাসুলের বিধান মেনে চলে। প্রকৃতপক্ষে এদের প্রতিই আল্লাহ রহমত বর্ষণ করেন।" (তাওবা-৭১)

পক্ষান্তরে হৃদয়কে সকল প্রকার বিদ্বেষ, হিংসা ও অন্যের অমঙ্গল কামনা থেকে অবশ্যই মুক্ত রাখতে হবে। মনে রাখা প্রয়োজন, এটি এমন একটি কর্ম যা মানুষকে অতিরিক্ত নফল ইবাদাত ও যিকির আযকার ছাড়াই জান্নাতের অধিকারী করে তুলে। হযরত আনাস রা: বলেন, একদিন আমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর কাছে বসেছিলাম, এমতাবস্থায় তিনি বললেন, এখন তোমাদের এখানে একজন জান্নাতী মানুষ প্রবেশ করবেন। তখন একজন আনসারী প্রবেশ করলেন, যাঁর দাঁড়ি থেকে ওযুর পানি পড়ছিল এবং তাঁর বাম হাতে জুতাজোড়া ছিল। পরের দিনও রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একই কথা বললেন এবং একই ব্যক্তি প্রবেশ করলেন। তৃতীয় দিনেও রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রথম দিনে মতোই আবারো বললেন এবং আবারো একই ব্যক্তি প্রবেশ করলেন। তৃতীয় দিনে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মজলিস ভেঙ্গে চলে গেলে আব্দুল্লাহ ইবনে উমার রা: উক্ত আনসারী ব্যক্তির পিছে পিছে যেয়ে বলেন, আমি আমার পিতার সাথে মন কষাকষি করেছি এবং তিনদিন বাড়িতে যাবো না বলে কসম করেছি। এ কয় রাত আপনার কাছে থাকতে দিবেন কি? তিনি রাজি হলেন। তিনি তিন রাত তাঁর সাথে থাকেন, কিন্তু তাঁকে রাত্রে উঠে তাহাজ্জুদ আদায় করতে বা বিশেষ কোন নফল ইবাদাত পালন করতে দেখেন না। তবে দিনের মধ্যে তাঁকে শুধুমাত্র ভাল কথা ছাড়া কারো বিরুদ্ধে কোন খারাপ কথা বলতে শোনিনি। আব্দুল্লাহ বলেন, আমার কাছে তাঁর আমল খুবই নগন্য মনে হতে লাগল। আমি বললাম, দেখুন আমার সাথে আমার পিতার কোন মনোমালিন্য হয়নি। তবে আমি পরপর তিন দিন রাসুলুল্লাহ সা: কে বলতে শুনলাম এখন একজন জান্নাতী মানুষ আসবে এবং তিনবারই আপনি আসলেন। এজন্য আমি আপনার আমল দেখে সেইমতো আমল করার উদ্দেশ্যে আপনার কাছে তিন রাত কাটিয়েছি, কিন্তু আমি আপনাকে বিশেষ কোন আমল করতে দেখলাম না। তাহলে কি কর্মের ফলে আপনাকে রাসুলুল্লাহ সা: জান্নাতী বললেন? তিনি বললেন, তুমি যা দেখেছো এর বেশী কোন আমল আমার নেই, তবে আমি আমার অন্তরের মধ্যে কোন মুসলমানের জন্য অমঙ্গল ইচ্ছা রাখি না এবং আমি কোন কিছুর জন্য কাউকে হিংসা করি না। তখন আব্দুল্লাহ বলেনম এই কর্মের জন্যই আপনি এই মর্যাদায় পৌছাতে পেরেছেন।"(মুসনাদে আহমাদ, নাসাঈ, আস সুনানুল কুবরা)

আবু হুরাইরা রা: বলেন, রাসুলুল্লাহ সা: বলেছেন, "প্রতি সপ্তাহে দুবার-সোমবার ও বৃহস্পতিবার বান্দাদের কর্ম পেশ করা হয়। তখন সকল মু'মিন বান্দাকে ক্ষমা করে দেয়া হয়, শুধুমাত্র সে ব্যক্তি বাদে যার ও তার ভাইয়ের মধ্যে বিদ্বেষ ও শত্রুতা আছে। এদের বিষয়ে বলা হয়, এদেরকে বর্জন করো অথবা অবকাশ দাও যতক্ষণ না এরা মিমাংসার প্রতি ফিরে আসে।"(মুসলিম:৬৪৪১. কিতাবুল বিরর, বাব নাহি আনিস শাহনায়ে)

প্রকৃত পক্ষে আমরা মুত্তাকী হতে পারছি না বিধায় ইহুদী-খ্রীষ্টানদের ন্যায় বিকল্প পথে মর্যাদার সন্ধান করে ফিরছি। আর এজন্য আমরাও বংশ, বর্ণ, ভাষা, দেশ এবং জাতীয়তার ভিত্তিতে মর্যাদার বৃত্ত গড়ে তুলেছি। এ নির্দিষ্ট বৃত্তের মধ্যেই আমাদের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সকল কর্মকান্ড পরিচালিত হয়। এ নির্দিষ্ট গন্ডির বাইরে আমাদের চিন্তা-চেতনাকে নিয়ে যেতে পারছি না বিধায় উন্নয়নের বাঁধাগুলোও টপকানো আমাদের জন্য দুষ্কর হয়ে পড়েছে। ফলে সার্বিক উন্নয়নের ক্ষেত্রে আমরা ইহুদী-খ্রীষ্টানদের আজ্ঞাবহ সাজতে বাধ্য হচ্ছি। অথচ তাকওয়ার মত মানবীয় উন্নতর গুণের অধিকারীদের জন্য দুনিয়া ও আখিরাতের সমস্ত কল্যাণের ভান্ডার সংরক্ষিত রয়েছে বলে আল কুরআনে উল্লেখ রয়েছে। সত্যিই মুসলিম দেশসমুহের ভৌগলিক ও কৌশলগত অবস্থান অধিকতর এমন উত্তম স্থানে রয়েছে যে, প্রতিটি মুসলিম দেশের মাটির নিচে আল্লাহ তা'আলা অফুরন্ত নিয়ামতের ভান্ডার মজুত করে রেখেছেন। আমাদের গোলামী ও পরাজিত মানসিকতার কারনে আল্লাহ দান করছেন না। অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, আমাদের বর্তমান মুসলিম দেশসমুহের সরকার প্রধানগণ আল্লাহর ভয়ের চেয়ে সাম্রাজ্যবাদী ইহুদী-খ্রীষ্টানগোষ্ঠীকেই বেশী ভয় করেন। এজন্যই আল্লাহ তা'আলা বলেনঃ "লোকালয়ের মানুষগুলো যদি ঈমান আনতো ও তাক্ওয়া বা ভয় করতো তাহলে আমি তাদের ওপর আসমান জমিনের যাবতীয় বরকতের দুয়ার খুলে দিতাম, কিন্তু তারা মিথ্যা প্রতিপন্ন করল। সুতরাং তাদের কর্মকান্ডের জন্য আমি তাদের পাকড়াও করলাম।" (সুরা আরাফ-৯৬)

তাকওয়া এমন একটা শক্তি, এমন একটা গুণ, যার উপর ভিত্তি করে মানুষ হক ও বাতিল, ভুল ও সঠিক, ন্যায় ও অন্যায়ের মধ্যে পার্থক্য করতে পারে। যিনি শুধুমাত্র আল্লাহর ভয়ে সেটিকেই সত্য হিসেবে মেনে নেন যা তিনি নাযিল করেছেন। তিনি সেটিকেই সঠিক মনে করেন, যাতে আল্লাহর সন্তুষ্টি অর্জিত হয়। যে কাজ বা প্রথা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে আরো অসংখ্য ক্ষতির সৃষ্টি করে, যে সকল কাজে আল্লাহ অসন্তুষ্ট হন, সেটিই মানুষের জন্য ক্ষতিকারক। এ ধরণের ক্ষতিকর কাজ থেকে আত্মরক্ষা করা খুবই জরুরী। আত্মরক্ষার জন্য আত্মাকে নিয়ন্ত্রণে আনতে হবে। আত্মাকে নিয়ন্ত্রণে আনার জন্য দরকার বাস্তব ট্রেনিং। পুরো রমাদানে আমাদেরকে সেই বাস্তব ট্রেনিংই দিয়ে থাকে। রমাদানের সিয়াম একমাস জ্বালিয়ে-পুড়িয়ে আমাদেরকে মর্যাদা সম্পন্ন ব্যক্তিত্বে পরিণত করে।

মনে রাখতে হবে, তাকওয়ার গুণ সম্পন্ন মর্যাদাশীল জনগোষ্টি নিয়ে যে সমাজ ব্যবস্থা গড়ে উঠবে, সেটিই হবে আল-কুরআনের সমাজ, ইসলামী সমাজ ও আল্লাহর পছন্দের সমাজ। এ সমাজের প্রতিটি লোক ব্যক্তিগতভাবে আল্লাহর কাছে সম্মানিত হবেন। দেশের সকল সেক্টরে উন্নয়নের ফল্গুধারা প্রবলবেগে প্রবাহিত হবে। দেশ উন্নত হবে। দেশ সম্মানিত হবে।



বাংলাদেশ সোসাইটির আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন





শেষ পৃষ্ঠায় পর

মাতৃভাষা দিবস পালন করেছে যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটি। এ উপলক্ষ্যে শুক্রবার (২০ ফেব্রুয়ারী) দিবাগত রাতে সিটির জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এখানে অস্থায়ী শহীদ মিনার নির্মান করে ভাষা শহীদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জানানো হয়। সোসাইটি ছাড়াও বিভিন্ন রাজনৈতিক, সামাজিক সংগঠন ও ব্যক্তির পক্ষ থেকে একুশের প্রথম প্রহরে শহীদ মিনারে ফুল প্রদান করা হয়। খবর ইউএনএ'র।

এবার পবিত্র রমজান মাসে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস আয়োজিত হওয়ায় অনুষ্ঠান আয়োজনেও ছিলো ভিন্নতা, ছিলো অনুষ্ঠানে কোন রাজনৈতিক শ্লোগান না দেওয়ার সিদ্ধান্ত। সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিমের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানের মূল পর্বের আগে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন সোসাইটির ট্রাষ্টিবোর্ড সদস্য আব্দুর রহিম হাওলাদার, মোহাম্মদ আতরাউল আলম, ও কাজী সাখাওয়াত হোসেন আজম এবং সিনিয়র সহ সভাপতি মহিউদ্দিন দেওয়ান সহ সোসাইটির কর্মকর্তারা সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

এরপর সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী অস্থায়ী শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পনকারী সংগঠনগুলোর নামের তালিকা পাঠ করেন এবং সংগঠনগুলো একে একে লাইনে দাঁড়িয়ে একুশের প্রথম প্রহরে অর্থাৎ স্থানীয় সময় রাত ১২টা ১মিনিট থেকে একে একে পুষ্পস্তবক অর্পণ করে। এসময় বাংলাদেশ সোসাইটি, বিএনপি, আওয়ামী লীগ, আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ, শেখ হাসিনা স্বদেশ প্রত্যাবর্তন সংগ্রাম পরিষদ, আওয়ামী পরিবার, বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা, চট্টগ্রাম সমিতি, কুইন্স বাংলাদেশ সোসাইটি, বৃহত্তম লাকসাম ফাউন্ডেশন ইউএসএ, গ্রেটার খুলনা সোসাইটি ইউএসএ, জেনারেশন ৭১, কুষ্টিয়া জেলা এসোসিয়েশন ইউএসএ, কিশোরগঞ্জ জেলা সমিতি ইউএসএ, প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি, সর্থ বেঙ্গল ফাউন্ডেশন, ব্রাহ্মণবাড়িয়া সোসাইটি ইউএসএ, চাঁদপুর ফাউন্ডেশ নিউইয়র্ক, বিন্দাবন্দ এলামনাই এসোসিয়েশন, হবিগঞ্জ জেলা সমিতি, কুষ্টিয়া জেলা সমিতি, গোল্ডেন এজ হোমকেয়ার, নবাবগঞ্জ এসোসিয়েশন প্রভৃতি সংগঠন পুষ্পস্তবক অর্পণ করে।

শুরুতেই বাংলাদেশ সোসাইটির পক্ষ থেকে প্রথমে সোসাইটির পক্ষ থেকে অস্থায়ী শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এসময় সোসাইটির কর্মকর্তা ও ট্রাষ্টিবোর্ডের সদস্যরা উপস্থিত ছিলেন। এসময় অমর একুশের গান 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী, আমি কি ভুলিতে পারি...' পরিবেশিত হয়। তবে পবিত্র রমজান মাসের কারণে অনুষ্ঠান আয়োজন সীমিত করা হয়। এর আগে বিশেষ দোয়া মুনাজাত করা হয়।

অস্থায়ী শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ শুরুর আগে সভাপতি আতাউর রহমান সেলিম তার বক্তব্যে বাংলাদেশ সোসাইটিকে যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন হিসেবে উল্লেখ করে বলেন, এই সোসাইটি আমাদের সবার। এখানে কোন রাজনীতি নেই। কেউ কোন রাজনৈতিক শ্লোগান দেবেন না। আমরা গত বছরের মতো কোন অপ্রীতিকর ঘটনা চাই না। তিনি শান্তিপূর্ণ পরিবেশে শহীদদের প্রতি শ্রদ্ধা জানানোর আহ্বান জানিয়ে বলেন, বাংলাদেশ সোসাইটি আপনার, আমার সবার সংগঠন। এজন্য সবার সহযোগিতা চাই। তিনি ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানান।

অনুষ্ঠানে সোসাইটির অন্যান্য কর্মকতার মধ্যে একুশ উদযাপন কমিটির আহবায়ক আবুল কালাম ভুঁইয়া, সদস্য সচিব মোহাম্মদ হাসান (জিলানী) ও প্রধান সমন্বয়কারী মফিজুল ইসলাম ভুইয়া (রুমি), সহ সভাপতি- কামরুজ্জামান কামরুল, সাংগঠনিক সম্পাদক- ভিউক খান, সাংস্কৃতিক সম্পাদক- অনিক রাজ, জনসংযোগ ও প্রচার সম্পাদক- রিজু মোহাম্মদ, কার্যকরি সদস্য- জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, আবুল কাশেম চৌধুরী উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সোসাইটি ঘোষিত বাংলা স্কুলের শিক।সার্থীদেও জন্য আয়োজিত চিত্রাংকন ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতা বিশেষ কারনে গত ১৪ ফেব্রুয়ারী সোসাইটির কার্যালয়ে আয়োজন ও পুরষ্কার বিতরণ করা হয়। এতে বিপুর সংখ্যক নতুন প্রজন্ম অংশ নেয়।









ইমিগ্রেশন ও আপনি



এটর্নি শাকলি এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের শুভেচ্ছা ও অভিনন্দন।

আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ইউএস ইমিগ্রেশনের "পাবলিক চার্জ" প্রভিশান :

ডিওএস'র ঘোষণায় কনসুলার অফিসারদের সরকারের বিস্তারিত ইনভেস্টিগেশন প্রক্রিয়া ৭৫টি দেশের নতুন ভিসা ইস্যু করা বন্ধ রাখতে নির্দেশ দেয়া হয়েছে। হোয়াইট হাউসের সাবেক টুইটারে বলা হয়েছে যে, এই ঘোষণা ইমিগ্রান্ট ভিসার ক্ষেত্রে প্রযোজ্য হলেও নন-ইমিগ্রান্টদের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য কিনা বিষয়টি স্পষ্ট নয়।

হোয়াইট হাউস মনে করে যে ৭৫টি দেশে ভিসা সাময়িকভাবে বন্ধ করা জরুরি। এই উদ্দেশ্যে জরুরি যে তাদের ইউএস সরকার থেকে বিভিন্ন সুবিধা গ্রহণ হতে বিরত করা। প্রশাসনের কর্মকর্তারা উল্লেখ করেছেন যে, বর্তমান সময়ে বিভিন্ন সরকারি দফতর সমূহের মধ্যে তথ্য শেয়ার করার ঘাটতিও রয়েছে এবং সরকার ভিসা ইস্যু করার পূর্বেই আরও অধিক কার্যকর পন্থা প্রবর্তন করবে।

ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) ৭৫টি দেশের নাগরিকদের জন্য ভিসা প্রক্রিয়াকরণ বন্ধ করে দিয়েছে এবং ডিওএস'র এই ঘোষণা ২১ জানুয়ারি ২০২৬ থেকে কার্যকর হয়েছে।

রিয়াল আইডি:

রিয়াল আইডি হচ্ছে সিকিউরিটি এনহ্যান্স ড্রাইভার্স লাইসেন্স কার্ড। যা হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট (ডিএইচএস) প্রণীত ফেডারেল মান মেটাবে/আর এই রিয়াল আইডি'র সময়সীমা বাড়ানো হয়েছে অনেকবার। এর মেয়াদ মে ৭, ২০২৫ পর্যন্ত বাড়ানো হয়েছে। এই তারিখের পর ইউএসএ বসবাসকারীদের রিয়াল কার্ডের সাথে এর সমমান সম্পন্ন অন্য কোনো ফেডারেল অনুমোদিত কার্ড প্রয়োজন হবে - ইউএসএ'র ভেতরে ডোমেস্টিক কোন ফ্লাইটে ভ্রমণের জন্য ফেডারেল এবং সামরিক ঘাটিতে প্রবেশের জন্য।

রিয়াল আইডি প্রত্যেক স্টেটের মোটর ভেইকেল ডিপার্টমেন্ট (ডিএমভি) ইস্যু করে থাকে। এই কার্ডের জন্য স্থানীয় ডিএমভি অফিসে যেতে হবে। সেই সাথে নিচে উল্লেখিত প্রমাণপত্রসমূহ উপস্থাপন করতে হবে – যা এর আগে ও উল্লেখ করা হয়েছে এই বিভাগের মাধ্যমে।

রিয়াল আইডি'র জন্য নিম্নে উল্লেখিত প্রমাণ দাখিল করতে হবে:

১) পরিচয়ের প্রমাণ: একটি বৈধ পাসপোর্ট (বার্থ সার্টিফিকেট বা পার্মানেন্ট রেসিডেন্ট কার্ড।

২) সোশ্যাল সিকিউরিটি নম্বরের প্রমাণপত্র: সোশ্যাল সিকিউরিটি কার্ড।

৩) স্টেট রেসিডেন্সির প্রমাণ: ইউটিলিটি বিল, ভাড়ার চুক্তি বা ব্যাংক স্টেটমেন্ট যাতে থাকে আপনার বর্তমান ঠিকানা।

৪) নাম পরিবর্তনের প্রমাণপত্র (প্রযোজ্য হলে): বৈবাহিক সনদ, তালাকনামা বা কোর্টের আদেশ, (যদি আপনার বর্তমান নাম জন্ম সনদের নাম থেকে হয়।)

প্রত্যেক স্টেটের নিয়মকানুন কোন কোন ক্ষেত্রে সামান্য পার্থক্য হতে পারে। এক্ষেত্রে আপনি আপনার স্টেটের ডিএমভি'র ওয়েব সাইট চেক করে নেবেন আপনার আবেদন করার পূর্বেই। রিয়াল আইডি কারো জন্য বাধ্যতামূলক নয়। দেশের মধ্যে ভ্রমণের জন্য এবং পাসপোর্ট সঙ্গে নিতে না চাইলে সেক্ষেত্রে রিয়াল আইডি স্বস্তিদায়ক।

ফেব্রুয়ারি ২০২৬ ভিসা বুলেটিন

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) ফেব্রুয়ারি ২০২৬'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ফেব্রুয়ারি ২০২৬'র পরিবারভিত্তিক ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ণয় হয় এর পূর্বে।

ফেব্রুয়ারি ২০২৬'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি হয় নাই।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেসঃ

প্রথম: (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী)। ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা।

সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন।

জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সবশেষে আপনাদের অবগতির জন্য উল্লেখ করা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (১৬ তলা), নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী



একটি পংক্তি হোক
দুলাল সরকার

একটি পংক্তি হোক একুশের কথা লেখা
একটি পংক্তি হোক সরিষার মাঠ আঁকা,
একটি পংক্তি হোক পলাশের কারুকাজ----
একটি পংক্তি হোক শুধু বিরহে বিরহে বিচ্ছুরিত;
একটি পংক্তি হোক অনন্ত হাহাকার----
পাগল, পাগল আকুলতা মোড়া জাগ্রত বিবেক,
লেখা হোক একটি কবিতা, সেই বর্ণমালা
একুশে শেকড় হয়ে ওঠা পদাবলী ঝিনুকের;
সুদূরপ্রসারী হলুদের মেলা---- একুশের নাম,
শুধু নিরপদ্রুপহীন একুশের আঙ্গিনা, না মানা কথার
স্পষ্ট উচ্চারণ---- প্রভাত ফেরীর আবেগতাড়িত
উজ্জ্বল অনুভূতি, চর্যাপদের মর্মলিপি----
লেখা হোক একটি পাখি, একটি ঈগল,
মহাকালে লেখা ইতিহাস, সত্যের অঙ্গীকার।

ভাষাদেশ
খসরু পারভেজ

এত যে ক্ষরণ
তবুও ফুরিয়ে যায় না চেতনার সিঁড়ি
আমি বেড়ে উঠি অগ্নি বেদনায়
জেগে থাকি অপরাজেয় শহিদের মতো
দিগন্ত ব্যাপী বাঙলা জুড়ে
হেসে ওঠে দীর্ঘদীপ্ত ভাষাদেশ আমার

মসৃণ মুখোশগুলো দেখো
মুখ থুবড়ে পড়ে আছে চিরায়ত রাজপথে
রক্তে ফোটা ফুল ঝরে না কখনও

আমার আকাশে অশ্রু ভেজা রৌদ্র আছে
তুমি তাকে মুছে ফেলতে পারো না

নিজস্ব বর্ণমালায় আসক্ত জেনেছি দাম দিয়ে।

যারা বৃষ্টিতে ভিজতে ভালোবাসে
মেহেদী ইকবাল

সবুজ জমিনে আঁকা লাল, অজস্র শিমূল, পলাশ আর কৃষ্ণচূড়া
আমার ভায়ের রক্তে রাঙানো 'বায়ান্নো থেকে একাত্তর'
দুখিনী মায়ের কান্না, লাখো শহীদের স্বপ্ন
'যার যা কিছু আছে তাই নিয়ে রুখে দাঁড়ানো দেশ'!
এদেশে ধানের ক্ষেতে সবুজের ঢেউ, প্রজাপতি ঘুড়ির পেছনে
ছুটে বেড়ায় কিশোর কিশোরীরা, এদেশে শাপলা ফোটে
শিশুদের ঠোঁটে, চাঁদ এসে লুকিয়ে থাকে লাজুক বধূটির ঘোমটায়।
এদেশে মাঠে মাঠে ফসল ফলায় সুলতানের সাহসী কৃষক
জয়নুলের মাঝিরা জাল ফেলে ধরে মাছ, টানে গুণ, পাট বোঝাই নৌকা
নিয়ে ছুটে যায় গঞ্জের দিকে।
এদেশে কামরুলের রমণীরা কলাবাগানে গল্প করে প্রয়োজনে ঠিকই
উড়ে আসাদের শার্ট!

এদেশ নদীর দেশ, মেঘে মেঘে উড়ে যাওয়া স্বপ্নের দেশ
ফুল, পাখি, লতাপাতা, নবান্নের দেশ
শিশুদের কলকাকলি আর অজস্র সম্ভাবনার দেশ!

এদেশ কিছুতেই
অন্ধকারের সাথী, গুহাবাসী বর্বরের দেশ নয়
এদেশ বৃষ্টির দেশ!

যারা বৃষ্টিতে ভিজতে ভালোবাসে, তাদের দেশ!

নিজস্ব বর্ণমালায় আসক্ত জেনেছি দাম দিয়ে
শাহীন ইবনে দিলওয়ার

নিজস্ব বর্ণমালায় আসক্ত জেনেছি দাম দিয়ে
ভিন্ন বর্ণ হাতছানি দেয় মুখ ফিরিয়ে রাখি
কঠোর চোখের চাহনিতে অসহ্য রোষানল

প্রাপ্তির মিছিলে শীর্ষে রাখি কৃতজ্ঞতায়
প্রাণরস মেশানো শব্দের ওষধি আয়ুর বাহন
কল্পলোকে উড়ে যেতে থাকে মুহূর্তের আবেগে

তোমাকে সদর্পে পেতে আবারো ফিরে যেতে
ইচ্ছে হয় দিনভর কাটিয়ে দেয়ার বৃক্ষরাজির
বনাঞ্চলে নীচের বন্ধুটিকে প্রাণভরে ডাকি

পাবো না উত্তম এর চেয়ে মহৎপ্রাণ সৃজিত হয়নি
আঁকড়ে ধরে বেঁচে থাকি যদি দয়ার্দ্রতায় গোলায়
ফসল ওঠে শেষ দৃশ্যে চোখাচোখি স্বস্তির প্রস্থান।

আমাদের বসন্ত
দিলীপ কির্ত্তুনিয়া

আমাদের বসন্ত শূন্য না
ভালবাসায় আবেগে ভরা।
আমি আরো বিশ্বাস করি
সবুজ পাতায় ছাওয়া এই বনবনানী
কোকিলের কুহু ডাক
বসন্তকে করেছে মহিমান্বিত।
ঝড়বাদলহীন দখিনার মৃদু স্বর
বসন্তকে বানিয়েছে কবিতা।
আমাদের বসন্ত শূন্য না গর্বে ভরা।
আমাদের গর্ব একুশ।
আমাদের গর্ব স্বাধীনতা
অধিকার আর মায়ের ভাষা।
আমাদের বসন্ত কখনও ম্লান না।
আমাদের বসন্ত হীনকাল
অতিক্রম করেছে।
মাথা তুলে প্রকৃতির কোলে
দাঁড়িয়ে আছে।

তুমি আছো তাই
মাহমুদ নজির

রেখেছি তোমাকে আমি হৃদয় মঞ্জিলে
বেঁধেছি সম্পর্কের সুতো,
জন্ম-জন্মান্তরের মনন ও মেধায়।

ও আমার প্রাণের ভাষা-
তুমিহীন এ জীবন নিরর্থক, অচল।

তুমি আছো তাই কবি আমি
মনের আনন্দে লিখি গল্প, গান, কবিতা
রূপকথা, চুপকথা হাজার।

কথা বলি ছন্দে ছন্দে
প্রিয়তমার সমীপে লিখি চিঠি,
না বলা মনের কথা অন্তহীন, অপার।

তুমি আছো তাই স্বপ্ন দেখি প্রগতির
নিজেকে সাজাই নিজের মতো,
তুড়ি মেরে উড়িয়ে দিই সব দুঃখ
ক্লান্তি ঘুম, বেদনা-বিষাদ।

তুমি আছো তাই গেয়ে যাই
'আমার সোনার বাংলা
আমি তোমায় ভালোবাসি'।

ফুল, ধ্বনি ও স্মৃতি
আলী আকবর বাবুল

শহীদ মিনারের ছায়ায় আজ শব্দেরা হাঁটু মুড়ে বসে
ফুলের পাপড়িতে লেগে থাকে নিঃশ্বাসের ইতিহাস,
বাতাস আজ উচ্চারণ করে রক্তের ব্যাকরণ
কংক্রিটের বুকেও জন্ম নেয় কোমল স্বর।
শিশুর মুখে যখন প্রথম ভাষা ফুটে ওঠে
তখন দূরে কোথাও জেগে ওঠে শহীদের চোখ,
সময় আজ ঘড়ি নয়, উচ্চারণে মাপা
স্মৃতি আজ পাঠ্যবই নয়, শিরার ভিতর লেখা।
ভাষা আজ কেবল যোগাযোগ নয়, অস্তিত্বের আলো
অক্ষর মানেই দাঁড়িয়ে থাকার দৃশ্যমান সাহস,
প্রতিটি শব্দ আজ একটি প্রতিজ্ঞার মতো
যা ভাঙে না, পুড়ে না, মুছে না।
একুশ মানে আজও জাগ্রত কণ্ঠ
নিরস্ত্র বুকে দাঁড়িয়ে থাকা সূর্যের মতো,
আমরা কথা বলি বলেই আমরা আছি
ভাষার ভিতরেই আমাদের আগামী।

‘লাইট অব কুরআন’ কেরাত প্রতিযোগিতার গ্র্যান্ড ফাইনাল





শেষ পৃষ্ঠায় পর বাছাই শেষে সেরা প্রতিযোগীদের নিয়ে এই গ্র্যান্ড ফিনালের আয়োজন করা হয়।

প্রতিযোগিতায় ৬ থেকে ১২ গ্রেড বিভাগে প্রথম স্থান অধিকার করে আরিব মোহাম্মদ চৌধুরী। দ্বিতীয় স্থান অর্জন করে ইমরান হোসেন এবং তৃতীয় স্থান লাভ করে আব্দুর রহমান সালেহ। অন্যদিকে ২য় থেকে ৫ম গ্রেড বিভাগে প্রথম স্থান অধিকার করে লিয়ান আল সাইদী। দ্বিতীয় স্থান অর্জন করে ইসরাত জাহান আমরিন এবং তৃতীয় স্থান লাভ করে আলিয়া মোহাম্মেদ। এই প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন বিশিষ্ট ক্বারি শেখ ওমর, ওস্তাদ রাহাত ইকবাল এবং ইমাম মুত্তাকী বিল্লাহ। তাঁদের সুচিন্তিত মূল্যায়নের মাধ্যমে বিজয়ীদের নির্বাচন করা হয়।

আয়োজকরা জানান, ‘লাইট অব কুরআন’ শুধু একটি প্রতিযোগিতা নয়, বরং এটি তরুণ প্রজন্মকে কুরআনের সঠিক তিলাওয়াত শেখার প্রতি উৎসাহিত করার একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম। উত্তর আমেরিকার বাইরেও বিশ্বের বিভিন্ন দেশের কিশোর-কিশোরীরা এতে অংশগ্রহণ করে থাকে, যা এ আয়োজনের আন্তর্জাতিক গ্রহণযোগ্যতার প্রমাণ। পুরো অনুষ্ঠানটি ছিল উৎসবমুখর পরিবেশে ভরপুর। যেখানে অভিভাবক, কমিউনিটি নেতৃবৃন্দ এবং ইসলামপ্রেমী মানুষদের উপস্থিতি অনুষ্ঠানকে আরও প্রাণবন্ত করে তোলে।

আয়োজকদের আশা, ভবিষ্যতেও এ ধরনের আয়োজনের মাধ্যমে নতুন প্রজন্ম কুরআনের সাথে আরও নিবিড়ভাবে যুক্ত হবে এবং ইসলামিক মূল্যবোধে সমৃদ্ধ হয়ে উঠবে। বাছাই পর্ব ও গ্রান্ড ফিনালে অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন শেখ আব্দদুল্লাহ রহমান।

‘লাইট অব কুরআন’ কেরাত প্রতিযোগিতার ফাইনাল পর্বের পুরষ্কার বিতরনী অনুষ্ঠানে ধন্যবাদসূচক বক্তব্য রাখেন টিভির সিইও ও বাংলা পত্রিকা’র সম্পাদক আবু তাহের। অনুষ্ঠানে আতিথি হিসেবে শুভেচ্ছা বক্তব্য রাখেন অ্যাসাল-এর ন্যাশনাল প্রেসিডেন্ট মোহাম্মদ করিম চৌধুরী, অ্যাটর্নি ইশরাত সামি, বাংলাদেশ সোসাইটির ট্রাষ্টিবোর্ড সদস্য আব্দুর রহীম হাওলাদার ও মেরি জোবাইদা, মামুন’স টিউটোরিয়াল-এর কর্ণধার শেখ আল মামুন, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট আমিন মেহেদী বাবু, জাকির এইচ চৌধুরী, ডা. এনামুল হক এম সবুর, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি সোহেল আহমেদ, সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গরা।



‘লাইট অব কুরআন’ কেরাত প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরন এবং ইফতার গ্রহনের মধ্যদিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। এতে শতাধিক প্রবাসী বাংলাদেশী ও বিদেশীরা অংশ নেন।

















‘লাইট অব কুরআন’ কেরাত প্রতিযোগিতার গ্র্যান্ড ফাইনাল







ব্রঙ্কসে ফেঞ্চুগঞ্জ অর্গানাইজেশনের ইফতার মাহফিল

নিউইয়র্ক: নিউইয়র্কের ব্রঙ্কসে ফেঞ্চুগঞ্জ অর্গানাইজেশন অব আমেরিকা ইনকের ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত। গত ২১শে ফেব্রুয়ারি শনিবার স্ট্রালিং বাংলাবাজারের একটি রেস্টুরেন্টে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মাহবুবুল আলম ও সহ-সভাপতি শামীম মিয়ার সঞ্চালনায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটি অব ইউএসএ ইনকের সভাপতি আতাউর রহমান সেলিম এবং বিশেষ অতিথি ছিলেন ফেঞ্চুগঞ্জ উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান নুরুল ইসলাম, কমিউনিটি বোর্ড-৯ সভাপতি মোহাম্মদ এন মজুমদার, সাবেক সহকারী এট্যর্নী জেনারেল এডভোকেট আব্দুর রকিব মন্টু, ফেঞ্চুগঞ্জ অর্গানাইজেশনের সাবেক সভাপতি জুনেদ চৌধুরী, সাবেক সভাপতি আব্দুল হাসিব হাসনু, দেলোয়ার হোসেন, আব্দুর রব দলা মিয়া। শুরুতে দোয়া মুনাজাত পরিচালনা করেন সংগঠনের ধর্ম বিষয়ক সম্পাদক মাওলানা মুজিবুর রহমান। বক্তব্য রাখেন জালালাবাদ এসোসিয়েশনের অব ইউএসএ ইনকের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম, সিপিএ জাকির হোসেন চৌধুরী, বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের সাবেক সভাপতি সামাদ মিয়া জাকারিয়া প্রমুখ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীরমুক্তিযোদ্ধা তোফায়েল আহমেদ চৌধুরী, সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, আব্দুস শহীদ, আব্দুল মুহিত, বাঁকা সভাপতি সরওয়ার চৌধুরী, সাধারণ সম্পাদক রুহেল আহমেদ, বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের সভাপতি শামীম আহমেদ, প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, সিনিয়র সিটিজেন ফোরামের সাধারণ সম্পাদক কাজী রবিউজ্জামান, হাসান আলী।

ইফতার মাহফিলে বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশিরা অংশগ্রহণ করেন।











অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ মূদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমরা ৭ দিন খোলা We are open 7 days

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা তে কোন নতুন ব্যবসায় বিনিয়োগ মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়েন।

অন্যথায় ১ মিলিয়ন বা তারচেয়ে ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

ইচ্ছামতে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আমাদের সাহায্যে পরিশোধ করতে পারেন।

দেশে কোন রোগশয্যায় মরিয়ম/পরিবারের জন্য আপনি ও আপনার পরিবার ৎ ঐদেশের সুবিধা নিয়ে পড়েন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইলাসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্টনারশিপ ইনকর্পো, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রোডাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit
2021
For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন ষ্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, *EA*
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার আমন্ত্রণ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিয়াইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

নতুন কমিটির মেয়াদ ৩ বছর : কার্যকরী পর্ষদ হবে ২১ সদস্যের







শেষ পৃষ্ঠায় পর

নিউইয়র্ক বাংলাদেশ সোসাইটির বিশেষ সাধারণ সভায় এসব সংশোধনীর প্রস্তাব ও সিদ্ধান্ত নেয়া হয়।

বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর পরিচালনায় বিশেষ সাধারণ সভায় মঞ্চে উপবিষ্ট ছিলেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ, সংবিধান সংশোধনী কমিটির চেয়ারম্যান মোহাম্মদ হোসেন খান, বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সহ-সভাপতি কামরুজ্জামান কামরুল, সংবিধান সংশোধনী কমিটির সদস্য তাজুল ইসলাম, সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, এসএমএ রহমান সেলিম ও রিজু মোহাম্মদ।

সভাপতি আতাউর রহমান সেলিম বলেন, প্রবাসে মাদার সংগঠন হিসাবে পরিচিত বাংলাদেশ সোসাইটির এ সাধারণ সভা আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। সভায় আমাদের গঠনতন্ত্র সংশোধন কমিটি তাদের সংশোধনী উপস্থাপন করবেন। সংগঠনের স্বার্থেই আমরা সংশোধনীগুলো এনেছি। আজকের সভায় যা পাশ হবে তা আগামী কমিটির ক্ষেত্রে প্রযোজ্য হবে। আমাদের কমিটি ২ বছরের জন্যই থাকবে।

ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ বলেন, আমি আপনাদের বলেছিলাম আমরা সোসাইটির জন্য ভবন ক্রয় করতে যাচ্ছি। যে ভবনের জন্য আমরা চুক্তি করতে যাচ্ছিলাম। কিন্তু আমাদের আইনজীবীর মাধ্যমে দেখতে পাই সেই ভবনে ভায়োলেশন রয়েছে, যা আমাদের জন্য সুখকর নয়। আমরা ওই ভবন ক্রয় প্রক্রিয়ায় না গিয়ে আমাদের অর্থ ফেরত এনেছি। এখন আমরা অন্য ভবন দেখছি।

সভায় গঠনতন্ত্র সংশোধনী কমিটির চেয়ারম্যান মোহাম্মদ হোসেন খান বক্তব্য রাখার পূর্বেই কোরাম নিয়ে প্রশ্ন তোলেন বাংলাদেশ সোসাইটির সাবেক কর্মকর্তা তপন জামান। তিনি বলেন, বাংলাদেশ সোসাইটির গঠনতন্ত্র অনুযায়ী বাংলাদেশ সোসাইটির বর্তমান সদস্য অনুযায়ী ১৯১ জন সদস্য প্রয়োজন, কিন্তু উপস্থিত রয়েছে ১৪৪ সদস্য। সভাপতি আতাউর রহমান সেলিম সে ক্ষেত্রে ব্যাখ্যা দিয়ে বলেন, এটা বিশেষ সাধারণ সভা, আগের সাধারণ সভার এক্সটেনশন। এখানে কোরামের কোনো বিষয় নেই। এ বক্তব্যের পর আর কেউ প্রতিবাদ করেননি।

গঠনতন্ত্র সংশোধনী কমিটির চেয়ারম্যান মোহাম্মদ হোসেন খান তার বক্তব্যে বলেন, এটি বাংলাদেশ সোসাইটির ৬ষ্ঠ গঠনতন্ত্র সংশোধনী। আমরা মোট ৪৩ ক্লজে সংশোধনী করেছি। যার মধ্যে ২৪টি মত উপস্থাপন করছি। এক এক করে তিনি সংশোধনী উপস্থাপন করেন। অধিকাংশ সংশোধনীর সঙ্গে সবাই একমত থাকলেও কার্যকরি কমিটির মেয়ার তিন বছরের বিপক্ষে ছিলেন কেউ কেউ। তবে পাস হয় সব সংশোধনীই। যার মধ্যে অন্যতম হচ্ছে- কার্যকরি কমিটির মেয়াদ ২ বছরের পরিবর্তে ৩ বছর। কার্যকরি পরিষদের ১৯ পদের স্থলে করা হয়েছে ২১ পদ। নতুন পদের মধ্যে মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক ও ইয়ুথ এবং আইটি বিষয়ক সম্পাদক। তিন বছরের জন্য চাঁদা ধার্য করা হয়েছে ৩০ ডলার। আরো একটি সংশোধনী পাস হয়েছে। বাংলাদেশ সোসাইটির কর্মকান্ড নিয়ে কেউ মামলা করতে পারবেন না। তবে নির্বাচন নিয়ে মামলা করতে পারবেন। তবে এই সংশোধনী যে কেউ অধিকার হরণ উল্লেখ করে মামলা করতে পারেন। যিনি কোর্টে মামলা করবেন তাকেই খরচ বহন করতে হবে।





PROFESSIONAL JOB TRAINING

Are you ready to build a high-demand career in international trade?

